গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**সুরক্ষা সেবা বিভাগ**

**বহিরাগমন শাখা-২**

# ভিসা নীতিমালা-২০০৬ (খসড়া)

(২০১৬ সনের সেপ্টেম্বর পর্যন্ত সংশোধিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বহিরাগমন শাখা-২

# ভিসা নীতিমালা (সংশোধিত)

তারিখঃ ০৪ এপ্রিল ২০০৭

সূত্রঃ (ক) স্বঃমঃ (বহি-২)/পি-৭/২০০৬/২৮৭৯, তারিখ: ১৯ অক্টোবর, ২০০৬
(খ) স্বঃমঃ (বহি-২)/পি-৭/২০০৬/৫১২, তারিখ: ০৪ এপ্রিল, ২০০৭
(খ) স্বঃমঃ (বহি-২)/১পি-৭/২০০৬/১৪৩৬, তারিখ: ১৯ আগস্ট, ২০০৭
(ঘ) স্বঃমঃ (বহি-২)/জি-কোরিয়া-২০/২০০৬/১৭৯৮, তারিখ: ০১ ডিসেম্বর, ২০০৭

উপর্যুক্ত সূত্রসমূহের আলোকে জারীকৃত ভিসা নীতিমালার কতিপয় ভিসা শ্রেণির বিধি-বিধান ও শর্তাবলীর সংশ্লিষ্ট অংশ নিম্নরূপ ভাবে সংশোধন, সংযোজন ও পরিবর্তন করা হইলঃ

| ক্র:নং | ভিসা শ্রেণি | কে / কারা পাওয়ার যোগ্য | আগমন/ ভ্রমণ এর উদ্দেশ্য | ভিসা ইস্যু / ভিসার মেয়াদ বৃদ্ধিকারী কর্তৃপক্ষ এবং ভিসা প্রদানের শর্তাবলী |
|---|---|---|---|---|
| ১ | **A** | রাষ্ট্র প্রধান / সরকার প্রধান / মন্ত্রী / প্রতিমন্ত্রী / উপমন্ত্রী / সংসদ সদস্য / আঞ্চলিক পরিষদ সদস্য / মেয়র / ও সমপদমর্যাদা সম্পন্ন ব্যক্তি এবং সফরসঙ্গী Spouse ও পরিবারের নির্ভরশীল অন্যান্য সদস্য। | সরকারি/দাপ্তরিক দায়িত্ব পালন (Official duty) | Note Verbale-এর ভিত্তিতে কূটনৈতিক শিষ্টাচার অনুসরণপূর্বক সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ প্রয়োজনীয় মেয়াদের জন্য প্রযোজ্য ভ্রমণ সুবিধাসহ ভিসা প্রদান করিতে পারিবে। |
| ২ | **A1** | সরকারি / আধা সরকারি / স্বায়ত্ত্বশাসিত সংস্থার কর্মকর্তা / সরকারি প্রতিনিধি দলের সদস্য এবং সফরসঙ্গী Spouse ও নির্ভরশীল সন্তান। | সরকারি / দাপ্তরিক দায়িত্ব পালন (Official duty) | (ক) Note Verbale /ভ্রমণের উদ্দেশ্য সংশ্লিষ্ট কাগজপত্র পরীক্ষান্তে ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ প্রযোজ্য ভ্রমণ সুবিধা উল্লেখপূর্বক প্রয়োজনীয় মেয়াদের জন্য ভিসা প্রদান করিতে পারিবে।<br>(খ) ভিসার মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হইলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/আয়োজক সংস্থার সুপারিশের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর প্রয়োজনীয় মেয়াদে ভিসার মেয়াদ বৃদ্ধি করিতে পারিবে। |

| ক্র:নং | ভিসা শ্রেণি | কে / কারা পাওয়ার যোগ্য | আগমন/ ভ্রমণ এর উদ্দেশ্য | ভিসা ইস্যু / ভিসার মেয়াদ বৃদ্ধিকারী কর্তৃপক্ষ এবং ভিসা প্রদানের শর্তাবলী |
|---|---|---|---|---|
| ৩ | **A2** | জাতিসংঘ ও তার অঙ্গসংগঠন, আন্তর্জাতিক / আঞ্চলিক সংস্থা / অফিসে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারী। | চাকুরি / দাপ্তরিক দায়িত্ব পালন | (ক) সংশ্লিষ্ট সংস্থার সুপারিশ ও আন্তর্জাতিক কনভেনশন অনুসারে ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ বহুভ্রমণ সুবিধায় চাকুরির পূর্ণকালীন মেয়াদে অথবা সর্বোচ্চ ৫ (পাঁচ) বৎসর, যাহা কম হইবে, ভিসা প্রদান করিতে পারিবে।<br>(খ) ভিসার মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হইলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থার সুপারিশ ও আন্তর্জাতিক কনভেনশনে বর্ণিত শর্তাবলী অনুসারে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমণসহ নিয়োগের পূর্ণকালীন মেয়াদে বা সর্বোচ্চ ৫ (পাঁচ) বৎসর, যাহা কম হইবে, ভিসার মেয়াদ বৃদ্ধি করিতে পারিবে। এ ক্ষেত্রে এসবি'তে রিপোর্ট /রেজিষ্ট্রেশন করা ও নিরাপত্তা ছাড়পত্র গ্রহণের শর্তটি প্রযোজ্য হইবে না। |
| ৪ | **FA2** | **A2**-শ্রেণিতে আগতের Spouse ও পরিবারের নির্ভরশীল অন্যান্য সদস্য। | **A2**-শ্রেণিতে আগতের সফরসঙ্গী হইলে বা পরবর্তীতে আগমন করিলে | (ক) Spouse ও পরিবারের নির্ভরশীল সদস্য এই মর্মে প্রয়োজনীয় কাগজপত্র পরীক্ষান্তে সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ **A2**-শ্রেণিতে আগতের সমমেয়াদী ভিসা প্রদান করিতে পারিবে।<br>(খ) ভিসার মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হইলে সংশ্লিষ্ট সংস্থার সুপারিশের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমণসহ **A2**-শ্রেণিতে আগতদের সমমেয়াদে ভিসার মেয়াদ বৃদ্ধি করিতে পারিবে। |
| ৫ | **A3** | বাংলাদেশ সরকারের সাথে উন্নয়ন সহযোগী সংস্থার মধ্যে সম্পাদিত দ্বি-পাক্ষিক/ বহুপাক্ষিক চুক্তির আওতায় প্রকল্পে নিয়োজিত বিশেষজ্ঞ / পরামর্শক / কর্মকর্তা-কর্মচারী / শ্রমিক। | চাকুরি/ দাপ্তরিক দায়িত্ব পালন | (ক) বাংলাদেশ দূতাবাস বা মিশন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/অর্থনৈতিক সম্পর্ক বিভাগ/ সরকারি সংস্থার সুপারিশের ভিত্তিতে বহুভ্রমণ সুবিধায় চাকুরির পূর্ণকালীন মেয়াদে অথবা সর্বোচ্চ ৫ (পাঁচ) বৎসর, যাহা কম হইবে, ভিসা প্রদান করিতে পারিবে।<br>(খ) ভিসার মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হইলে সংশ্লিষ্ট মন্ত্রণালয় / অর্থনৈতিক সম্পর্ক বিভাগ/ সরকারি সংস্থার সুপারিশ, নিরাপত্তা ছাড়পত্র এবং সংস্থার সাথে সম্পাদিত চুক্তির শর্তানুযায়ী বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমণসহ নিয়োগের পূর্ণকালীন মেয়াদে বা সর্বোচ্চ ৫ (পাঁচ) বৎসর, যাহা কম হইবে, ভিসার মেয়াদ বৃদ্ধি করিতে পারিবে। |
| ৬ | **FA3** | **A3**-শ্রেণিতে আগতের Spouse ও পরিবারের নির্ভরশীল অন্যান্য সদস্য। | **A3**-শ্রেণিতে আগতের সফরসঙ্গী হইলে বা পরবর্তীতে আগমন করিলে | (ক) বাংলাদেশ দূতাবাস বা মিশন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার সুপারিশের ভিত্তিতে A3- শ্রেণিতে আগতদের সমমেয়াদে ভিসা প্রদান করিবে।<br>(খ) ভিসার মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হইলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার সুপারিশ,পুলিশ বিশেষ শাখার অনুকূল প্রতিবেদন এবং সংস্থার সাথে সম্পাদিত চুক্তির শর্তানুযায়ী বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর A3-শ্রেণিতে আগতদের সমমেয়াদে ভিসা প্রদান করিবে। |

| ক্র:নং | ভিসা শ্রেণি | কে / কারা পাওয়ার যোগ্য | আগমন/ ভ্রমণ এর উদ্দেশ্য | ভিসা ইস্যু / ভিসার মেয়াদ বৃদ্ধিকারী কর্তৃপক্ষ এবং ভিসা প্রদানের শর্তাবলী |
|---|---|---|---|---|
| ৭ | **B** | ব্যবসায়ী/ ব্যবসায়ী প্রতিনিধি। | ব্যবসা-বাণিজ্য | (ক) বাতিল<br>(খ) বাতিল } (৩০ ডিসেম্বর, ২০০৮ সনের ১০৪৭নং পরিপত্র দ্বারা বাতিল) |
| ৮ | **C** | বিমান/জাহাজ/অন্যান্য পরিবহন খাতে নিয়োজিত আন্তর্জাতিক রুটে চলাচলকারী ক্রু। | পেশাগত দায়িত্ব পালন | (ক) নিয়োগকারী কর্তৃপক্ষের সুপারিশের ভিত্তিতে সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ বহুভ্রমণ সুবিধাসহ সর্বোচ্চ ৩ (তিন) বৎসরের ভিসা প্রদান করিতে পারিবে। জাহাজের ক্রুদের ক্ষেত্রে প্রতি দফায় সর্বোচ্চ ১ (এক) মাস ও অন্যান্য ক্ষেত্রে ক্রুদের প্রতিদফায় সর্বোচ্চ ৭ (সাত) দিন অবস্থানের শর্ত প্রযোজ্য থাকিবে।<br>(খ) ভিসার মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হইলে যথাযথ কর্তৃপক্ষের সুপারিশের ভিত্তিতে প্রয়োজন অনুসারে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর একই শর্তে আরও তিন বছর পর্যন্ত বহুভ্রমণ সুবিধায় ভিসার মেয়াদ বৃদ্ধি করিতে পারিবে। |
| ৯ | **D** | রাষ্ট্রদূত / কূটনীতিক / কনস্যুলার অফিসার এবং সমমর্যাদা সম্পন্ন কর্মকর্তা এবং তাঁদের Spouse ও পরিবারের নির্ভরশীল অন্যান্য সদস্য। | দাপ্তরিক দায়িত্ব পালন | Note Verbale এর ভিত্তিতে কূটনৈতিক শিষ্টাচার অনুসরণপূর্বক সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ প্রয়োজনীয় মেয়াদের জন্য প্রযোজ্য ভ্রমণ সুবিধাসহ ভিসা প্রদান করিতে পারিবে। ভিসার মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হইলে পররাষ্ট্র মন্ত্রণালয়/বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমণ সুবিধায় প্রয়োজনীয় মেয়াদে ভিসা বৃদ্ধি করিতে পারিবে। |
| ১০ | **ND** | **A**, **A2** এবং **D** শ্রেণিভুক্তদের ব্যক্তিগত ষ্টাফ এবং Non-diplomatic staff এবং তাঁদের Spouse ও পরিবারের নির্ভরশীল অন্যান্য সদস্য। | **A**, **A2** এবং **D-** শ্রেণিতে আগতদের সফরসঙ্গী হইলে বা পরবর্তীতে আগমন করিলে | (ক) Note Verbale /ভ্রমণের উদ্দেশ্য সংশ্লিষ্ট কাগজপত্র পরীক্ষান্তে এবং প্রযোজ্য ক্ষেত্রে কূটনৈতিক শিষ্টাচার অনুসরণপূর্বক সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ প্রযোজ্য ভ্রমণ সুবিধাসহ প্রয়োজনীয় মেয়াদের জন্য ভিসা প্রদান করিতে পারিবে।<br>(খ) ভিসার মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হইলে সংশ্লিষ্ট দূতাবাস পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরে আবেদন করিতে হইবে এবং পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমণ সুবিধায় প্রয়োজনীয় মেয়াদে ভিসা বৃদ্ধি করিতে পারিবে। |
| ১১ | **DA** | **A**, **A2** এবং **D** শ্রেণিতে আগতের Domestic aid. | **A**, **A2** এবং **D-** শ্রেণিতে আগতদের সফরসঙ্গী হইলে বা পরবর্তীতে আগমন করিলে | (ক) Note Verbale /ভ্রমণের উদ্দেশ্য সংশ্লিষ্ট কাগজপত্র পরীক্ষান্তে এবং প্রযোজ্য ক্ষেত্রে কূটনৈতিক শিষ্টাচার অনুসরণপূর্বক সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ প্রযোজ্য ভ্রমণ সুবিধা উল্লেখপূর্বক প্রয়োজনীয় মেয়াদের জন্য ভিসা প্রদান করিতে পারিবে।<br>(খ) ভিসার মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হইলে সংশ্লিষ্ট দূতাবাস পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরে আবেদন করিতে হইবে এবং পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমণ সুবিধায় প্রয়োজনীয় মেয়াদে ভিসা বৃদ্ধি করিতে পারিবে। |

| ক্র:নং | ভিসা শ্রেণি | কে / কারা পাওয়ার যোগ্য | আগমন/ ভ্রমণ এর উদ্দেশ্য | ভিসা ইস্যু / ভিসার মেয়াদ বৃদ্ধিকারী কর্তৃপক্ষ এবং ভিসা প্রদানের শর্তাবলী |
|---|---|---|---|---|
| **১২** | **E** | ক) সরকারি / আধাসরকারি/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে/ প্রকল্পে এবং সমশ্রেণির প্রতিষ্ঠানে নিয়োজিত বিশেষজ্ঞ/ পরামর্শক/ চাকুরিজীবী / ব্যক্তি।<br><br>(খ) দেশি/ বিদেশি সরকারি/ বেসরকারী/ লিয়াঁজো / শিল্প/ বাণিজ্যিক প্রতিষ্ঠান এবং সমশ্রেণির প্রতিষ্ঠানে নিয়োগপ্রাপ্ত/ নিয়োজিত চাকুরিজীবী /ব্যক্তি।<br><br>(গ) দেশি/ বিদেশি সরকারি/ বেসরকারী ঠিকাদারি এবং সমশ্রেণির প্রতিষ্ঠানে নিয়োজিত চাকুরিজীবী / ব্যক্তি। | চাকুরি / সেবা প্রদান | (ক) প্রতিটি ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে যথাযথভাবে নিয়োগ দেওয়া হইয়াছে মর্মে মন্ত্রণালয় / বিনিয়োগ বোর্ড / বেপজা কর্তৃক প্রত্যয়নপত্র, নিয়োগপত্র এবং নিয়োগকারী প্রতিষ্ঠানের যথার্থতা ইত্যাদি পরীক্ষান্তে সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ বহুভ্রমণ সুবিধাসহ সর্বোচ্চ ৩ (তিন) মাসের ভিসা প্রদান করিতে পারিবে। E-শ্রেণির ভিসার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয় / অর্থনৈতিক সম্পর্ক বিভাগ / বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ/বেপজা কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়ন পত্র থাকলে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অনুমতির প্রয়োজন হইবে না।<br><br>(খ) ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে নিয়োগকারী প্রতিষ্ঠানের সুপারিশ, সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কার্যানুমতি ও নিরাপত্তা ছাড়পত্রের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমণসহ কার্যানুমতির পূর্ণকালীন মেয়াদে বৃদ্ধি করিতে পারিবে। দ্বিতীয় দফায় ভিসার মেয়াদ বৃদ্ধির আবেদন করিলে সন্তোষজনক আবেদনের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমণসহ কার্যানুমতির পূর্ণকালীন মেয়াদে অথবা ০৩ (তিন) বৎসর, যাহা কম হইবে, ভিসার মেয়াদ বৃদ্ধি করিতে পারিবে।<br><br>(গ) ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে একই পেশায় তিন বছরের অধিক সময়ে কর্মরত থাকিবার কারণে সংশ্লিষ্ট সংস্থা কর্তৃক কার্যানুমতি নবায়ন করা হইলে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অনুমতির প্রয়োজন হইবে না। বেপজা/বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ/এনজিও বিষয়ক ব্যুরো কার্যানুমতি নবায়নের সময় একই পেশায় চাকুরি করিবার উপযুক্ততা, কর্মদক্ষতা, নিরাপত্তা ছাড়পত্র, আয়কর পরিশোধ সম্পর্কিত সনদ প্রভৃতি বিষয়গুলো পরীক্ষা-নিরীক্ষা করিবে। |
| **১৩** | **FE** | **E** শ্রেণিতে আগতের Spouse ও পরিবারের নির্ভরশীল অন্যান্য সদস্য। | **E**-শ্রেণিতে আগতের সফরসঙ্গী হইলে বা পরবর্তীতে আগমন করিলে। | (ক) Spouse ও পরিবারের নির্ভরশীল সদস্য এই মর্মে প্রয়োজনীয় কাগজপত্র পরীক্ষান্তে সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ উক্ত শ্রেণিতে আগতের সমমেয়াদী ভিসা প্রদান করিতে পারিবে।<br><br>(খ) ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সুপারিশ ও **পুলিশ বিশেষ শাখার অনুকূল প্রতিবেদনের** ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমণসহ **উক্ত** শ্রেণিতে আগতের সমমেয়াদে ভিসার মেয়াদ বৃদ্ধি করিতে পারিবে। |

| ক্র:নং | ভিসা শ্রেণি | কে / কারা পাওয়ার যোগ্য | আগমন/ ভ্রমণ এর উদ্দেশ্য | ভিসা ইস্যু / ভিসার মেয়াদ বৃদ্ধিকারী কর্তৃপক্ষ এবং ভিসা প্রদানের শর্তাবলী |
|---|---|---|---|---|
| **১৪** | **E1** | যন্ত্রপাতি এবং সফটওয়্যার সরবরাহ / স্থাপন / রক্ষণাবেক্ষণ/ তত্ত্বাবধান /প্রকল্প পরিদর্শন এবং এ জাতীয় কাজে আগত ব্যক্তি। | যন্ত্রপাতি এবং সফটওয়্যার সরবরাহ / স্থাপন / রক্ষণাবেক্ষণ / প্রশিক্ষণ / তত্ত্বাবধান / প্রকল্প পরিদর্শন ইত্যাদি। | (ক) বাতিল<br>(খ) বাতিল<br>} (৩০ ডিসেম্বর, ২০০৮ সনের ১০৪৭নং পরিপত্র দ্বারা বাতিল) |
| **১৫** | **J** | বিদেশি পত্রিকা / সংবাদপত্র/ বেতার/ টিভি/ বার্তা সংস্থা/ স্যাটেলাইট মিডিয়া ইত্যাদিতে আগত সাংবাদিক/ মিডিয়া প্রতিনিধি বা ফ্রি ল্যান্স সাংবাদিক প্রভৃতি | পেশাগত দায়িত্ব পালন। | (ক) বাতিল (১৯ জুন, ২০১৩ সনের ৭৪২নং পরিপত্র দ্বারা বাতিল)<br>(খ) বার্তা সংস্থা/স্যাটেলাইট মিডিয়া/পত্রিকা ইত্যাদিতে চাকুরির ক্ষেত্রে নিয়োগ/পদায়ন সংক্রান্ত কাগজপত্রাদি পরীক্ষান্তে এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের বহিঃপ্রচার অনুবিভাগ এর সুপারিশক্রমে সংশ্লিষ্ট বাংলাদেশ দূতাবাস/ মিশন ৩ (তিন) টি ভ্রমণ সুবিধায় সর্বোচ্চ ৩ (তিন) মাসের ভিসা প্রদান করিতে পারিবে।<br>(গ) এরূপ ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে পররাষ্ট্র মন্ত্রণালয়ের বহিঃপ্রচার অনুবিভাগ এর সুপারিশ, BIDA-এর কার্যানুমতি ও স্বরাষ্ট্র মন্ত্রণালয় হইতে নিরাপত্তা ছাড়পত্র গ্রহণ সাপেক্ষে কার্যানুমতির মেয়াদ অথবা ০৩ (তিন) বছর, যাহা কম হইবে, বহুভ্রমণ সুবিধায় বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর ভিসার মেয়াদ বৃদ্ধি করিতে পারিবে। |
| **১৬** | **FJ** | **J**-শ্রেণিতে আগতের Spouse ও পরিবারের নির্ভরশীল অন্যান্য সদস্য। | **J**-শ্রেণিতে আগতের সফরসঙ্গী হইলে বা পরবর্তীতে আগমন করিলে। | (ক) Spouse ও পরিবারের নির্ভরশীল সদস্য এই মর্মে প্রয়োজনীয় কাগজপত্র পরীক্ষান্তে সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ J শ্রেণিতে আগতের সমমেয়াদী ভিসা প্রদান করিতে পারিবে।<br>(খ) ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সুপারিশ ও পুলিশ বিশেষ শাখার অনুকূল প্রতিবেদনের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমণসহ<br>J-শ্রেণিতে আগতের সমমেয়াদে ভিসার মেয়াদ বৃদ্ধি করিতে পারিবে। |
| **১৭** | **M** | মিশনারীবৃন্দ / ধর্মগুরু। | সেবাপ্রদান। | (ক) বাংলাদেশস্থ সংশ্লিষ্ট ধর্মীয় মিশন / প্রতিষ্ঠান প্রদত্ত সুপারিশ / নিয়োগ পত্র ও ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সম্মতি সাপেক্ষে সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ বহুভ্রমণ সুবিধায় সর্বোচ্চ ০৬ (ছয়) মাসের ভিসা প্রদান করিতে পারিবে।<br>(খ) বাতিল (২৩ এপ্রিল, ২০০৯ সনের ৩২৩নং পরিপত্র দ্বারা বাতিল)। |

| ক্র:নং | ভিসা শ্রেণি | কে / কারা পাওয়ার যোগ্য | আগমন/ ভ্রমণ এর উদ্দেশ্য | ভিসা ইস্যু / ভিসার মেয়াদ বৃদ্ধিকারী কর্তৃপক্ষ এবং ভিসা প্রদানের শর্তাবলী |
|---|---|---|---|---|
| ১৮ | FM | M-শ্রেণিতে আগতের Spouse ও পরিবারের নির্ভরশীল অন্যান্য সদস্য। | M-শ্রেণিতে আগতের সফরসঙ্গী হইলে বা পরবর্তীতে আগমন করিলে। | (ক) Spouse ও পরিবারের নির্ভরশীল সদস্য এই মর্মে প্রয়োজনীয় কাগজপত্র পরীক্ষান্তে সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ উক্ত শ্রেণিতে আগতের সমমেয়াদী ভিসা প্রদান করিতে পারিবে।<br>(খ) ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সুপারিশ ও পুলিশ বিশেষ শাখার অনুকূল প্রতিবেদনের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমণসহ উক্ত শ্রেণিতে আগতের সমমেয়াদে ভিসার মেয়াদ বৃদ্ধি করিতে পারিবে। |
| ১৯ | N | নিবন্ধনভুক্ত এনজিও-তে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি। | চাকুরি/সেবা প্রদান। | (ক) সংশ্লিষ্ট এনজিওতে নিয়োগ সংক্রান্তে এনজিও বিষয়ক ব্যুরো কর্তৃক সংশ্লিষ্ট এনজিও-তে যথাযথভাবে নিয়োগ দেওয়া হইয়াছে মর্মে প্রত্যয়নপত্র, নিয়োগপত্র ইত্যাদি পরীক্ষান্তে সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ বহুভ্রমণ সুবিধাসহ প্রাথমিকভাবে সর্বোচ্চ ৩ (তিন) মাসের ভিসা প্রদান করিতে পারিবে।<br>(খ) ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে NGO ব্যুরোর কার্যানুমতি ও নিরাপত্তা ছাড়পত্রের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর কার্যানুমতির মেয়াদকাল পর্যন্ত বহুভ্রমণসহ ভিসার মেয়াদ বৃদ্ধি করিতে পারিবে। |
| ২০ | FN | N শ্রেণিতে আগতের Spouse ও পরিবারের নির্ভরশীল অন্যান্য সদস্য। | N-শ্রেণিতে আগতের সফরসঙ্গী হইলে বা পরবর্তীতে আগমন করিলে। | (ক) Spouse ও পরিবারের নির্ভরশীল সদস্য এই মর্মে প্রয়োজনীয় কাগজপত্র পরীক্ষান্তে সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ উক্ত শ্রেণিতে আগতের সমমেয়াদী ভিসা প্রদান করিতে পারিবে।<br>(খ) ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সুপারিশ ও **পুলিশ বিশেষ শাখার অনুকূল প্রতিবেদনের** ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমণসহ **উক্ত** শ্রেণিতে আগতের সমমেয়াদে ভিসার মেয়াদ বৃদ্ধি করিতে পারিবে। |
| ২১ | P | ক্রীড়া সংগঠক/ খেলোয়াড় /কোচ/ সাংস্কৃতিক দলের সদস্য/ শিল্পী/ সাহিত্যিক এবং সমপর্যায়ভুক্ত ব্যক্তি। | পেশাগত দায়িত্ব পালন / চাকুরি। | **(ক)** সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সুপারিশ ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সম্মতির ভিত্তিতে ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ বহুভ্রমণ সুবিধায় **সর্বোচ্চ ০৬ (ছয়)** মাসের ভিসা প্রদান করিতে পারিবে।<br>(খ) ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে কার্যানুমতি ও নিরাপত্তা ছাড়পত্রের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমণ সুবিধায় কার্যানুমতির মেয়াদকাল অথবা সর্বোচ্চ ৫ (পাঁচ) বছর, যাহা কম হইবে, ভিসার মেয়াদ বৃদ্ধি করিতে পারিবে। |
| ২২ | FP | P-শ্রেণিতে আগতের Spouse ও পরিবারের নির্ভরশীল অন্যান্য সদস্য। | P-শ্রেণিতে আগতের সাথে অবস্থানের জন্য সফরসঙ্গী হইলে বা পরবর্তীতে আগমন করিলে। | (ক) Spouse ও পরিবারের নির্ভরশীল সদস্য এই মর্মে প্রয়োজনীয় কাগজপত্র পরীক্ষান্তে সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ উক্ত শ্রেণিতে আগতের সমমেয়াদী ভিসা প্রদান করিতে পারিবে।<br>(খ) ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সুপারিশ ও **পুলিশ বিশেষ শাখার অনুকূল প্রতিবেদনের** ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমণসহ **উক্ত** শ্রেণিতে আগতের সমমেয়াদে ভিসার মেয়াদ বৃদ্ধি করিতে পারিবে। |

| ক্র:নং | ভিসা শ্রেণি | কে / কারা পাওয়ার যোগ্য | আগমন/ ভ্রমণ এর উদ্দেশ্য | ভিসা ইস্যু / ভিসার মেয়াদ বৃদ্ধিকারী কর্তৃপক্ষ এবং ভিসা প্রদানের শর্তাবলী |
|---|---|---|---|---|
| **২৩** | **PI** | বেসরকারি খাতে যৌথ উদ্যোগ বা সম্পূর্ণ বিদেশি বিনিয়োগে স্থাপিত/ স্থাপিতব্য শিল্প / বাণিজ্যিক প্রতিষ্ঠানে বিদেশি পুঁজি বিনিয়োগকারী। | বিনিয়োগ/স্থাপিত ব্যবসা/ বাণিজ্যিক প্রতিষ্ঠান পরিচালনা। | (ক) বাংলাদেশের বেসরকারি খাতে এককভাবে বা যৌথ উদ্যোগে বা সম্পূর্ণ বিদেশি বিনিয়োগে স্থাপিত শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে ভিসা প্রার্থী একজন প্রকৃত বিনিয়োগকারী মর্মে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (BIDA) / বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (BEPZA) (প্রযোজ্য ক্ষেত্রে) এর প্রত্যয়নের ভিত্তিতে সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ বহুভ্রমণ সুবিধাসহ সর্বোচ্চ ০১ (এক) বৎসর ভিসা প্রদান করিতে পারিবে।<br>(খ) বাতিল<br>(গ) বাতিল } (৩০ ডিসেম্বর, ২০০৮ সনের ১০৪৭নং পরিপত্র দ্বারা বাতিল) |
| **২৪** | **FPI** | **PI**-শ্রেণিতে আগতের Spouse ও পরিবারের নির্ভরশীল অন্যান্য সদস্য। | **PI**-শ্রেণিতে আগতের সফরসঙ্গী হইলে বা পরবর্তীতে আগমন করিলে। | (ক) Spouse ও পরিবারের নির্ভরশীল সদস্য এই মর্মে প্রয়োজনীয় কাগজপত্র পরীক্ষান্তে সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ **PI**-শ্রেণিতে আগতের সমমেয়াদী ভিসা প্রদান করিতে পারিবে।<br>(খ) ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সুপারিশ ও **পুলিশ বিশেষ শাখার অনুকূল প্রতিবেদনের** ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমণসহ **PI**-শ্রেণিতে আগতের সমমেয়াদে ভিসার মেয়াদ বৃদ্ধি করিতে পারিবে। |
| **২৫** | **R** | সরকার অনুমোদিত যে কোন সংস্থা/ প্রতিষ্ঠানে গবেষণা/ প্রশিক্ষণ/ ইন্টার্ণশীপ-এ অংশ গ্রহণকারী । | গবেষণা/ প্রশিক্ষণ/ ইন্টার্ণশীপ ইত্যাদি। | (ক) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সুপারিশ এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সম্মতির ভিত্তিতে ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ বহুভ্রমণসহ সর্বোচ্চ ৩ (তিন) মাসের ভিসা প্রদান করিতে পারিবে।<br>(খ) ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ প্রতিষ্ঠানের সুপারিশ ও পুলিশের বিশেষ শাখা এবং জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তরের অনুকূল প্রতিবেদনের ভিত্তিতে কার্যক্রমের মেয়াদকাল অথবা ৩ (তিন) বছর, যাহা কম হইবে, পর্যন্ত বহুভ্রমণ ভিসা প্রদান করিতে পারিবে। |
| **২৬** | **FR** | **R**-শ্রেণিতে আগতের Spouse ও পরিবারের নির্ভরশীল অন্যান্য সদস্য। | **R**-শ্রেণিতে আগতের সফরসঙ্গী হইলে বা পরবর্তীতে আগমন করিলে। | (ক) Spouse ও পরিবারের নির্ভরশীল সদস্য এই মর্মে প্রয়োজনীয় কাগজপত্র পরীক্ষান্তে সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ **R**-শ্রেণিতে আগতের সমমেয়াদী ভিসা প্রদান করিতে পারিবে।<br>(খ) ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সুপারিশ ও পুলিশ বিশেষ শাখার অনুকূল **প্রতিবেদনের** ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমনসহ **R**-শ্রেণিতে আগতের সমমেয়াদে ভিসার মেয়াদ বৃদ্ধি করিতে পারিবে। |

| ক্র:নং | ভিসা শ্রেণি | কে / কারা পাওয়ার যোগ্য | আগমন/ ভ্রমণ এর উদ্দেশ্য | ভিসা ইস্যু / ভিসার মেয়াদ বৃদ্ধিকারী কর্তৃপক্ষ এবং ভিসা প্রদানের শর্তাবলী |
|---|---|---|---|---|
| ২৭ | **S** | সরকারের অনুমোদন প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত/ গবেষণারত/ ভর্তিচ্ছু ছাত্র / ছাত্রী / গবেষক। | অধ্যয়ন/গবেষণা। | (ক) বাতিল<br>(খ) বাতিল } (৩০ জুন, ২০১০ সনের ৫০৪নং পরিপত্র দ্বারা বাতিল) |
| ২৮ | **FS** | **S**-শ্রেণিতে আগতের Spouse ও নির্ভরশীল সন্তান। | **S**-শ্রেণিতে আগতের সফরসঙ্গী হইলে বা পরবর্তীতে আগমন করিলে। | (ক) Spouse ও পরিবারের নির্ভরশীল সদস্য এই মর্মে প্রয়োজনীয় কাগজপত্র পরীক্ষান্তে সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ উক্ত শ্রেণিতে আগতের সমমেয়াদী ভিসা প্রদান করিতে পারিবে।<br>(খ) ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সুপারিশ ও পুলিশ বিশেষ শাখার অনুকূল প্রতিবেদনের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমণসহ উক্ত শ্রেণিতে আগতের সমমেয়াদে ভিসার মেয়াদ বৃদ্ধি করিতে পারিবে। |
| ২৯ | **T** | (ক) বাংলাদেশের সাথে কূটনৈতিক সম্পর্ক আছে এরূপ দেশের যে কোন ব্যক্তি।<br>(খ) বেসরকারি পর্যায়ে আয়োজিত সেমিনার/ কর্মশালা/ শিক্ষাসফরে আগত ব্যক্তি। | ভ্রমণ/ পর্যটন/ আত্মীয়-স্বজনের সাথে সাক্ষাৎ/ ধর্মীয় কারণ / বেসরকারি সেমিনার/ কর্মশালা/ শিক্ষা সফর ইত্যাদি। | (ক) বাতিল (৩০ ডিসেম্বর, ২০০৮ সনের ১০৪৭নং পরিপত্র দ্বারা বাতিল)।<br>(খ) ভিসার মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হইলে অনুকূল পুলিশ প্রতিবেদনের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর ০১ (এক) মাস পর্যন্ত ভিসার মেয়াদ বৃদ্ধি করিতে পারিবে। |
| ৩০ | **TI** | তাবলীগ জামাতে অংশ গ্রহণের জন্য আগত ব্যক্তি। | ধর্মীয় কারণ। | (ক) তাবলীগ জামাতে আগতদের ক্ষেত্রে সংশ্লিষ্ট দেশের কেন্দ্রিয় তাবলীগ মারকাজের / তাবলীগ জামাতের সুপারিশ বিবেচনা করে সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ কোন ভ্রমণ সুবিধা ব্যতীত সর্বোচ্চ **১৩০ (একশত ত্রিশ)** দিনের ভিসা প্রদান করিতে পারিবে।<br>(খ) ভিসার মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে বাংলাদেশস্থ তাবলীগ মারকাজ/কেন্দ্রিয় তাবলীগ জামাতের সুপারিশ ও পুলিশ প্রতিবেদনের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর কোন ভ্রমণ সুবিধা ব্যতীত আগমনের তারিখ হতে সবোর্চ্চ **১৫০ (একশত পঞ্চাশ)** দিন পর্যন্ত ভিসার মেয়াদ বৃদ্ধি করিতে পারিবে। |
| ৩১ | **TF** | (ক) বাংলাদেশি নাগরিকের বিদেশি Spouse ও সন্তান। | বাংলাদেশে অবস্থান ও ভ্রমণ। | (ক) বাংলাদেশি নাগরিকের বাংলাদেশি নাগরিকত্ব প্রমানপত্র এবং বাংলাদেশি নাগরিক কর্তৃক Spouse / সন্তান সম্পর্কে প্রদত্ত হলফনামা এবং বিবাহ সনদের ভিত্তিতে সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ বাংলাদেশি নাগরিকের বিদেশি স্ত্রী/স্বামী ও সন্তানকে বহুভ্রমণ সুবিধায় সর্বোচ্চ ১ (এক) বছরের ভিসা প্রদান করিতে পারিবে। |

| ক্র:নং | ভিসা শ্রেণি | কে / কারা পাওয়ার যোগ্য | আগমন/ ভ্রমণ এর উদ্দেশ্য | ভিসা ইস্যু / ভিসার মেয়াদ বৃদ্ধিকারী কর্তৃপক্ষ এবং ভিসা প্রদানের শর্তাবলী |
|---|---|---|---|---|
| | | (খ) বাংলাদেশি বংশোদ্ভুত বিদেশি নাগরিক এবং তাঁর Spouse ও সন্তান। | | (খ) অনুকূল পুলিশ প্রতিবেদনের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমণ সুবিধায় সর্বোচ্চ ৫ (পাঁচ) বছর পর্যন্ত ভিসার মেয়াদ বৃদ্ধি করিতে পারিবে। |
| ৩২ | **TR** | ট্রানজিট | ট্রানজিট | তৃতীয় কোন দেশে কর্মরত মর্মে নিয়োগকারী কর্তৃপক্ষের সুপারিশ ও নিশ্চিত টিকিটের ভিত্তিতে নিজ সন্তুষ্টিক্রমে নিয়োগকালীন মেয়াদ বা সর্বোচ্চ ৫ (পাঁচ) বৎসর, যাহা কম হইবে, বহুভ্রমণ ট্রানজিট ভিসা প্রদান করিতে পারিবে। তবে এই ভিসার ক্ষেত্রে প্রতি দফায় অবস্থানের মেয়াদ সর্বোচ্চ ৭২ (বাহাত্তর) ঘন্টায় সীমিত থাকিবে । |
| ৩৩ | **W** | Work and Holiday, Development ও Volunteers programme এবং এ জাতীয় দ্বিপাক্ষিক/বহুপাক্ষিক চুক্তির আওতায় আগত এবং তাঁদের Spouse ও নির্ভরশীল সন্তান। | চুক্তির আওতায়। | চুক্তির শর্তাবলী অনুযায়ী সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ বহুভ্রমণ সুবিধায় চুক্তির পূর্ণ মেয়াদে ভিসা প্রদান করিতে পারিবে। চুক্তিতে ভিসার মেয়াদ উল্লেখ না থাকলে চুক্তির শর্ত ও সংশ্লিষ্ট দেশের যথাযথ কর্তৃপক্ষের সুপারিশ অনুযায়ী এক বৎসরের বহুভ্রমণ ভিসা প্রদান করা যাইবে। ভিসার মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হইলে যথাযথ কর্তৃপক্ষের সুপারিশ ও নিরাপত্তা ছাড়পত্রের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমণ সুবিধায় প্রয়োজনীয় মেয়াদে ভিসার মেয়াদ বৃদ্ধি করিতে পারিবে। |

# অবশ্য পালনীয় শর্তাবলী ঃ

১। ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ বলতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, বিদেশস্থ বাংলাদেশ দূতাবাস/মিশন এবং প্রযোজ্য ক্ষেত্রে পররাষ্ট্র মন্ত্রণালয়কে বুঝাইবে।

২। সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ সকল ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্র পরীক্ষান্তে সম্পূর্ণ সন্তুষ্টিক্রমে তা যথাযথভাবে লিপিবদ্ধ করতঃ নিজ দায়িত্বে ভিসা প্রদান করিবে। তবে প্রয়োজনবোধে ভিসা প্রদানের ক্ষেত্রে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ করিতে হইবে।

৩। যেই সব দেশ / সংস্থার সংগে ভিসা চুক্তি করা হইয়াছে সেই সব দেশের ক্ষেত্রে ভিসা প্রদান পদ্ধতি চুক্তি অনুসারে এবং অন্যান্য দেশের ক্ষেত্রে রেসিপ্রোসিটি নীতি অনুসরণ করা হইবে। অর্থাৎ নীতিমালা জারীর পূর্বে যেই সকল দেশের সাথে রেসিপ্রোসিটি নীতি অনুযায়ী ভিসা প্রদান করা হইত তাহা অপরিবর্তিত থাকিবে এবং এই নীতি অনুযায়ী আমেরিকানসহ অন্যান্য দেশের নাগরিকদের ভিসা প্রদান অব্যাহত থাকিবে।

৪। A2-শ্রেণিতে জাতিসংঘ ও তাঁর অংঙ্গসংগঠন বলতে WHO, UNDP, FAO, UNFPA, ILO, UNICEF, UNESCO, IMF, WORLD BANK, WFP, IDB ইত্যাদি এবং আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থা বলতে USAID, JICA,JBIC, DFID, CIDA, SIDA, DANIDA, PEACE CORPS, NORAD, FINNIDA, ICDDRB, ADB, RED CROSS/RED CRESENT এবং সমশ্রেণির অন্যান্য সংস্থাকে বুঝাইবে।

৫। ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ ভিসা প্রদানের সময় বর্ণিত শ্রেণি বিন্যাস অনুযায়ী ভিসার শ্রেণি ও নম্বর উল্লেখ করিবে। যেমন, Visa No Cons/49( E)/06 (প্রযোজ্য শ্রেণি বিন্যাসের চিহ্ন E) তারিখ- ৩১ জানুয়ারি ২০০৫ইং (Day/Month/Year)। তবে কম্পিউটার প্রোগ্রামভিত্তিক ভিসা ইস্যু পদ্ধতি শুরু হইলে প্রোগ্রাম কোড অনুযায়ী ভিসা নম্বর উল্লেখ করিতে হইবে।

৬। ভিসা প্রদানকারী কর্তৃপক্ষকে (সংশ্লিষ্ট দূতাবাস) ভিসা প্রদানের সময় পাসপোর্টে নিম্নবর্ণিত শর্তসমূহ উল্লেখ করিতে হইবেঃ

(ক) A1, FA2, FA3, B, C, FE, FJ, M, FM, FN, FP, FPI, R, FR, S, FS, T, TF, T1-শ্রেণির ভিসা প্রদানকালে ভিসা প্রার্থীর পাসপোর্টে "Employment in Bangladesh paid or unpaid prohibited" সীল প্রদান করিতে হইবে।

(খ) চাকুরি/কাজ করার উদ্দেশ্যে আগতদের ভিসা প্রদানের সময় "Please apply for work permit to BIDA/BEPZA/NGO Affairs Bureau within 15 days of first entry into Bangladesh" সীল প্রদান করিতে হইবে।

৭। পূর্বতন প্রথা অনুযায়ী কেবলমাত্র, ভারত ও পাকিস্তান হইতে ৯০ দিন বা ৯০ দিনের অধিক মেয়াদে ভিসা নিয়ে আগতদের বিমান/স্থলবন্দরে রেজিস্ট্রেশন করিতে হইবে।

৮। উপরোক্ত দু'টি দেশ ব্যতিত অন্যান্য দেশ হইতে আগত বিদেশিদের রেজিস্ট্রেশন করা হতে অব্যাহতি প্রদান করিতে হইবে।

৯। কার্যানুমতি প্রাপ্তির পর নিরাপত্তা ছাড়পত্র প্রদান প্রক্রিয়াধীন আছে মর্মে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রত্যয়নের ভিত্তিতে মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর নিজ সন্তুষ্টিক্রমে কার্যানুমতির মেয়াদে অথবা ৬ (ছয়) মাস

মেয়াদে (যাহা কম হইবে) বহুভ্রমণসহ ভিসার মেয়াদ বৃদ্ধি করিতে পারিবে। তবে বিরূপ প্রতিবেদন পাওয়া গেলে ভিসা বাতিলপূর্বক দেশ ত্যাগের নির্দেশ দিতে হইবে ।

১০। যেই সকল ভিসা প্রার্থীর কার্যানুমতির এবং/অথবা নিরাপত্তা ছাড়পত্র প্রক্রিয়াধীন আছে তাঁদের ক্ষেত্রে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর নিজ সন্তুষ্টিক্রমে প্রয়োজনে বহুভ্রমণ সুবিধাসহ সর্বোচ্চ ৩ (তিন) মাস পর্যন্ত ভিসার মেয়াদ বৃদ্ধি করিতে পারিবে।

১১। ভিসার মেয়াদ উত্তীর্ণের পূর্বে মেয়াদ বৃদ্ধির আবেদন করিতে হইবে। ভিসার মেয়াদ উর্ত্তীণের পরে আবেদন করিলে অতিবাসের (over-stay) জন্য জরিমানা আরোপযোগ্য হইবে।

১২। কোন বিদেশি বাংলাদেশে প্রবেশের পর ভিসা শ্রেণি পরিবর্তন করিতে পারিবে না। তবে ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ অসাবধানতাবশতঃ ভুল শ্রেণির ভিসা প্রদান করিলে তার উপযুক্ত প্রমান যাচাই সাপেক্ষে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অনুমতিক্রমে বিনা ফিতে শ্রেণি পরিবর্তন করিতে পারিবে।

১৩। পুরাতন পাসপোর্টের বৈধ ভিসা নতুন পাসেপোর্টে স্থানান্তর করা যাইবে।

১৪। নীতিমালায় বর্ণিত কোন শর্ত শিথিলের অথবা নীতিমালায় বর্ণিত সবোর্চ্চ মেয়াদের অতিরিক্ত ভিসার মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হইলে তাহা স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রেরণ করিতে হইবে।

১৫। এই নীতিমালার যে কোন বিষয়ের উপর মতামত/স্পষ্টিকরণ/নির্দেশনা প্রয়োজন হইলে তাহাতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অনুশাসন প্রযোজ্য হইবে।

১৬। নীতিমালায় উল্লেখিত ক্যাটাগরি ব্যতিত অন্য কোন ক্যাটাগরিতে ভিসা প্রদান করা যাইবে না। তবে এরূপ অবস্থা যদি সৃষ্টি হয় যে, ভিসা প্রার্থীকে নীতিমালায় উল্লেখিত কোন ক্যাটাগরির ভিসা প্রদান করা যাচ্ছে না সেই ক্ষেত্রে তাকে 'টি' শ্রেণিতে ভিসা প্রদান করা যাইবে।

১৭। স্বল্প মেয়াদী (তিন মাসের কম) ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে পুলিশ প্রতিবেদনের প্রয়োজন হইলে পুলিশের বিশেষ শাখা ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে প্রতিবেদন দিবে এবং অন্যান্য ক্ষেত্রে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রতিবেদন দিবে। যদি নির্ধারিত সময়ের মধ্যে পুলিশ প্রতিবেদন পাওয়া না যায় তবে ৭ (সাত) দিনের সময় দিয়ে তাগিদ দিতে হইবে। উক্ত সময়সীমা অতিবাহিত হইলে ভিসা প্রদানে পুলিশের বিশেষ শাখার কোন আপত্তি নেই মর্মে গণ্য করিয়া বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর নিজ সন্তুষ্টিক্রমে ও নিজ দায়িত্বে ভিসার মেয়াদ বৃদ্ধি করিবে।

১৮। পুলিশ বিশেষ শাখার প্রতিবেদন আবেদন প্রাপ্তির ১৫ কার্যদিবসের মধ্যে মতামত প্রদান করিবে। উক্ত সময়ের মধ্যে মতামত পাওয়া না গেলে আরও ৭ (সাত) কার্য দিবস পর্যন্ত সময় বৃদ্ধি করা যাইবে। তবে বর্ধিত সময়ের মধ্যেও মতামত পাওয়া না গেলে কোন আপত্তি নেই মর্মে ধরিয়া নেয়া হইবে। ভিসা প্রার্থীর ভ্রমণের যথার্থতা বিবেচনা করিয়া আবেদনপত্র দাখিলের সময়ে প্রয়োজনে স্বল্প মেয়াদে (অনুর্ধ তিন মাস) ভিসা প্রদান করিতে পারিবে। তবে ১৫ (পনের) বৎসরের কম বয়সী সন্তানদের ক্ষেত্রে পুলিশ বিশেষ শাখার মতামত গ্রহণ করিবার প্রয়োজন হইবে না।

১৯। সামরিক বাহিনীতে কর্মরত সামরিক/বেসামরিক বিদেশি ব্যক্তিবর্গ এবং সামরিক বাহিনীতে প্রশিক্ষণে আগত ব্যক্তিবর্গের কার্যানুমতি ও নিরাপত্তা ছাড়পত্র বলতে বাংলাদেশ সশস্ত্র বাহিনী বিভাগ (AFD)-এর সুপারিশপত্র বুঝাইবে। সংশ্লিষ্ট বাংলাদেশ দূতাবাস/ মিশন সশস্ত্র বাহিনী বিভাগ (AFD)-এর সুপারিশক্রমে এই সকল ব্যক্তিবর্গ এবং তাহাদের পারিবারের নির্ভরশীল সদস্যদেরকে প্রশিক্ষণ/কর্মের পূর্ণ নিয়োগকালসহ অতিরিক্ত ১ (এক) মাস পর্যন্ত বহুভ্রমণ সুবিধায় ভিসা প্রদান করিতে পারিবে।

২০। নিয়োগকারী প্রতিনিধি ব্যবসায়িক কাজে স্বল্প মেয়াদে বাংলাদেশে আগমন করিতে চাইলে তাকে B-শ্রেণিতে বর্ণিত শর্তাবলির আলোকে এবং চাকুরি নিয়ে বিনিয়োগকারী প্রতিষ্ঠানে যোগদানের উদ্দেশ্যে ভ্রমণ করিতে চাইলে তাকে E-শ্রেণিতে বর্ণিত শর্তাবলির আলোকে ভিসা প্রদান ও মেয়াদ বৃদ্ধি করা যাইবে।

২১। ভিন্নরূপ কারণ ব্যতিত Spouse বা নির্ভরশীল/ সফরসঙ্গী সমমেয়াদী ভিসা প্রদানের ক্ষেত্রে মূল ভিসা গ্রহণকারীর অনুরূপ সুবিধা (যেমন ভ্রমণের সংখ্যা) প্রাপ্ত হইবেন।

২২। বিদ্যমান নীতিমালা অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে আগমনকারী বিদেশিদের পুলিশের বিশেষ শাখায় রেজিষ্ট্রেশন করিতে হইবে।

২৩। ভিসা সংক্রান্ত যে কোন বিষয়ে যুগ্মসচিব (বহিরাগমন), স্বরাষ্ট্র মন্ত্রণালয় Focal Point হিসাবে কাজ করিবে।

২৪। চাকরি বা বিনিয়োগ বা ব্যবসায় বা শিক্ষার উদ্দেশ্যে আগত বিদেশি ভিসা সংক্রান্ত কোন তথ্য গোপন করিলে বা কোন শর্ত ভঙ্গ করিলে নিয়োগকারী / সুপারিশকারী/স্পন্সর প্রদানকারী প্রত্যেক প্রতিষ্ঠানকে প্রথমবার ১০,০০০ (দশ হাজার) টাকা এবং দ্বিতীয়বার এরূপ অঘটনের জন্য ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত জরিমানা ধার্য এবং আদায় করিতে হইবে।

২৫।

(ক) পর্যটনের উদ্দেশ্যে সার্কভূক্ত দেশ ব্যতিত অন্য কোন দেশ হইতে আগত কোন বিদেশি পার্শ্ববর্তী কোন দেশ ভ্রমণ শেষে বাংলাদেশে পুনরায় আগমন করিতে চাহিলে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর re-entry সহ ভিসার মেয়াদ বৃদ্ধি করিতে পারিবে।

(খ) ভিসা নিষিদ্ধ তালিকা বহির্ভুত দেশের কোন বিদেশি নাগরিক তৃতীয় কোন দেশ হইতে পর্যটনের উদ্দেশ্যে বাংলাদেশে আগমন করিতে চাইলে সেই দেশে অবস্থিত বাংলাদেশের দূতাবাস/মিশন তাকে "T"শ্রেণির ভিসা প্রদান করিতে পারিবে।

(গ) FEI-শ্রেণিতে আগতের পাসপোর্টে "Employment in Bangladesh paid or unpaid prohibited সম্পর্কিত সীল প্রদান করিতে হইবে।

২৬। যেই সব ধর্মীয় শিক্ষা প্রতিষ্ঠান সরকার কর্তৃক স্বীকৃত নয় সেই সব প্রতিষ্ঠানে অধ্যায়নের জন্য আগত বিদেশি ছাত্র/ছাত্রিদের ভিসা প্রদানের কোন সুযোগ নাই।

২৭। যেইহেতু নতুন ভিসা নীতিমালা দেশে ও বিদেশে বহুল প্রচারিত হয়নি সেইহেতু কর্মানুমতি প্রক্রিয়াধীন অবস্থায় ভিসার মেয়াদ উর্ত্তীনের ফলে জরিমানা আরোপ, বাংলাদেশি বংশোদ্ভুত নাগরিকদের ভিসার শ্রেণির পরিবর্তনসহ মেয়াদ বৃদ্ধি এবং কতিপয় শ্রেণিতে কার্যানুমতি ও নিরাপত্তা ছাড়পত্রের শর্তারোপ প্রভৃতি বিষয়গুলো একটি সরকারি বিজ্ঞপ্তি জারীর তারিখ হইতে পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে পুরাতন নীতিমালা অনুযায়ী নিস্পত্তি করিতে হইবে। এই বিষয়ে বহুল প্রচার ও সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বিজ্ঞপ্তি জারী করিবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**বহিরাগমন শাখা-২**

**নং-স্বঃমঃ (বহি-২)/১পি-৭/২০০৬/৫১৫** **তারিখঃ ০৪ এপ্রিল, ২০০৭**

**পরিপত্র**

**বিষয় ঃ বাংলাদেশে আগত বিদেশি নাগরিকদের অবৈধ অবস্থান নিয়মিতকরণের পদ্ধতি।**

সূত্রঃ স্বঃ মঃ (বহি-২)/১পি-৭/২০০৬/২৮৮২ তারিখ ঃ ১৯ অক্টোবর ২০০৬

উপর্যুক্ত সূত্রে বর্ণিত বিষয়ে জারীকৃত পরিপত্রটি নিম্নরূপ সংশোধন, সংযোজন ও পরিবর্তন করা হইল:

০২। বাংলাদেশে আগমনকারী বিদেশি নাগরিকদের অবৈধ অবস্থায় নিয়মিতকরণের বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয় বিদ্যমান নির্দেশাবলী সংশোধনপূর্বক নিম্নোক্ত পদ্ধতি অনুসরণের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেঃ

(ক) বাংলাদেশে বৈধ ভিসায় আগত বিদেশি নাগরিকদের অবৈধ অবস্থানের জন্য নিম্নোক্ত হারে জরিমানা আদায় সাপেক্ষে অবৈধ অবস্থান নিয়মিত করা যাইবে ঃ

(i) অবৈধ অবস্থানের প্রথম ১৫ (পনের) দিনের ক্ষেত্রে প্রতিদিনের জন্য বাংলাদেশি মুদ্রায় ২০০/- (দুই শত) টাকা হারে এবং

(ii) অবৈধ অবস্থানের মেয়াদ ১৫ (পনের) দিনের অতিরিক্ত হলে ৯০ (নব্বই) দিন পর্যন্ত প্রতিদিন ৫০০/ (পাঁচশত) টাকা হারে।

(iii) তবে প্রতি মাসে সর্বোচ্চ ১০,০০০/- (দশ হাজার) টাকা এবং ৯০ দিন পর্যন্ত সর্বোচ্চ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ধার্য্য করা যাইবে।

(খ) বাংলাদেশি বংশোদ্ভুত বিদেশি নাগরিক/বাংলাদেশি নাগরিকের বিদেশি স্বামী/স্ত্রী ও সন্তাদের অবৈধ অবস্থানের জরিমানা মওকুফ করা যাইবে।

(গ) অধ্যয়নরত বিদেশি ছাত্র/ছাত্রীদের ৩ (তিন) মাস পর্যন্ত অবৈধ অবস্থানের জরিমানা মওকুফ করা যাইবে। তবে অবৈধ অবস্থান ৩ (তিন) মাসের অধিক হলে সর্বোচ্চ ৩,০০০/- (তিন হাজার) টাকা জরিমানা আদায় করা যাইবে।

(ঘ) অবৈধ অবস্থানের মেয়াদ ৯০ (নব্বই) দিনের অতিরিক্ত হলে সংশ্লিষ্ট বিদেশি নাগরিকরদের বিরুদ্ধে ফরেনার্স এ্যাক্টের (১৯৪৬ সনের ৩১ নং আইন) আওতায় সংশ্লিষ্ট আদালতে মামলা করা যাইতে পারে। এই আদেশবলে মামলা রুজু করিবার জন্য অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, বিশেষ শাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন।

০৩। অবৈধ অবস্থানের জন্য ধার্য্যকৃত জরিমানা মওকুফের বিষয়টি বিবেচনার প্রয়োজন হইলে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর নিম্নোক্ত ক্ষেত্রে মতামতসহ প্রস্তাব স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নিকট প্রেরণ করিতে পারিবে ঃ

(ক) শারীরিক অসুস্থতা-শারীরিক অসুস্থতার কারণে অবস্থান অবৈধ হইলে সংশ্লিষ্ট সিভিল সার্জন অথবা অধ্যাপক/সহযোগী অধ্যাপক কর্তৃক প্রদত্ত চিকিৎসা সনদের ভিত্তিতে উক্ত জরিমানা মওকুফের জন্য পেশকৃত আবেদন বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর যথাযথভাবে পরীক্ষা করিয়া উপযুক্ত সুপারিশসহ তা স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করিবে। তবে অসুস্থতার জন্য অবৈধ অবস্থান ৫ (পাঁচ) দিনের অতিরিক্ত হলে হাসপাতালে ভর্তি আছে/হইয়াছিল মর্মে হাসপাতাল কর্তৃপক্ষের সার্টিফিকেট জমা প্রদান করিতে হইবে।

(খ) অন্যান্য কারণঃ অন্য কোন যুক্তিসংগত কারণে অবস্থান অবৈধ হইয়া থাকিলে তার সুস্পষ্ট যুক্তি সংগত ও গ্রহণযোগ্য কারণ এবং বিস্তারিত ব্যখ্যাসহ প্রদেয় জরিমানা মওকুফের আবেদন উক্ত অধিদপ্তর উপযুক্ত সুপারিশসহ সরকারের বিবেচনার জন্য প্রেরণ করিতে পারিবে।

(গ) বর্ণিত সুপারিশসমূহ মহাপরিচালক অথবা পরিচালক এর স্বাক্ষরে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করিতে হইবে।

০৪। ৩০ (ত্রিশ) দিন পর্যন্ত অবস্থানের জন্য সংশ্লিষ্ট পাসপোর্টধারী বিমান/স্থল বন্দরে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর/ইমিগ্রেশন কর্তৃপক্ষের নিকট উপস্থিত হইয়া আদায়যোগ্য জরিমানা, সার্ভিস চার্জ ও ভিসা ফি পরিশোধ করে বাংলাদেশ ত্যাগ করিতে পারিবেন। তবে জরিমানা, সার্ভিস চার্জ ও ভিসা ফি বাবদ অর্থ নগদে গ্রহণ করা যাইবে না। বাংলাদেশ সরকারের তফশিলী ব্যাংকে নির্ধারিত কোড নম্বরে উক্ত অর্থ জমা প্রদানপূর্বক জমার রশিদ উপস্থাপন করিলে সংশ্লিষ্ট পাসপোর্টধারীকে বাংলাদেশ ত্যাগ করার অনুমতি প্রদান করা যাইবে। পাসপোর্টে অবৈধ অবস্থানের মেয়াদ ও জরিমানার পরিমান উল্লেখ করিতে হইবে।

০৫। অনিবার্য কারণে যেমনঃ প্রাকৃতিক দুর্যোগ, দুর্ঘটনা, ফ্লাইট বাতিল ইত্যাদির কারণে কেউ অবৈধ অবস্থান করিলে তাঁর অবস্থানের মেয়াদ অবৈধ বলিয়া গণ্য হইবে না।

০৬। এই পরিপত্র কার্যকর হওয়ার পর ইতোঃপূর্বে এ বিষয়ে জারীকৃত সকল পরিপত্র/স্মারকপত্র বাতিল বলিয়া বিবেচিত হইবে।

০৭। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

স্বাক্ষরিত/
০৪.০৪.২০০৭
(মোঃ মোজিবুর রহমান)
যুগ্মসচিব (রাজনৈতিক)

**নং-স্বঃমঃ (বহি-২)/১পি-৭/২০০৬/৫১৫** **তারিখঃ ০৪ এপ্রিল, ২০০৭**

**বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০২। সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
০৩। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশোধিত নীতিমালার অনুলিপি সংশ্লিষ্ট সকল বাংলাদেশ দূতাবাস/মিশনে প্রেরণের অনুরোধ করা হ'ল)।
০৪। সিনিয়র সচিব/সচিব---------------------------------------------------- (সংশ্লিষ্ট সকল)
০৫। বাংলাদেশ দূতাবাস/ মিশন -------------------------------- (সকল)
০৬। মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা ।
০৭। মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, ঢাকা
০৮। মহাপরিচালক, এন.জি.ও বিষয়ক ব্যুরো, ঢাকা।
০৯। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
১০। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, মতিঝিল, বা/এ, ঢাকা।
১১। নির্বাহী চেয়ারম্যান, বেপজা, ধানমন্ডি, ঢাকা।
১২। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, এসবি, ঢাকা।
১৩। সভাপতি, এফ, বি, সি, সি, আই, ৬০ মতিঝিল, বা/এ, ঢাকা।
১৪। চেয়ারম্যান, এফ, আই, সি, সি, আই, গুলশান-২, ঢাকা।
১৫। উপসচিব (নিরাপত্তা-২), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**বহিরাগমন-২**

**নং-স্বঃ মঃ (বহি-২)/জি কোরিয়া-২০/২০০৬/১৭৯৮** **তারিখ ঃ ০১ ডিসেম্বর, ২০০৭**

**পরিপত্র**

**বিষয় ঃ বিদেশি নাগরিকদের রেজিস্ট্রেশন হইতে অব্যহতি প্রদান প্রসংগে।**

**সূত্র ঃ নং-স্বঃমঃ (বহি-২)/১পি-৭/২০০৬/২৮৮২, তারিখঃ ১৯ অক্টোবর ২০০৬**

গত ০৪ এপ্রিল ২০০৭ তারিখে জারীকৃত সংশোধিত ভিসা নীতিমালায় ঢালাওভাবে সকল দেশের নাগরিকদের জন্য রেজিস্ট্রেশন বাতক্যতামূলক করা হয়। ফলে অনেক উৎসাহী বিদেশি বিনিয়োগকারী, বিশেষজ্ঞ, আন্তর্জাতিক সংস্থায় কর্মরত কর্মকর্তা ও পর্যটক বিভিন্ন প্রকার হয়রানির শিকার হন এবং বাংলাদেশে প্রতি তাদের বিরূপ ধারণার সৃষ্টি হয়। এর প্রেক্ষিতে উক্ত নীতিমালায় অবশ্যপালনীয় শর্তাবলির ৭ ও ৮ নং ক্রমিকের শর্ত নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হইলঃ

“৭। পূর্বতন প্রথা অনুযায়ী কেবলমাত্র ভারত ও পাকিস্তান হতে ৯০ দিন বা ৯০ দিনের অধিক মেয়াদে ভিসা নিয়ে আগতদের বিমান/স্থল বন্দরে রেজিস্ট্রেশন করিতে হইবে।

৮। উপরোক্ত দু'টি দেশ ব্যতিত অন্যান্য দেশ হইতে আগত বিদেশিদের রেজিস্ট্রেশন করা হইতে অব্যাহতি প্রদান করিতে হইবে।”

০২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

স্বাক্ষরিত/
০১.১২.২০০৭
(মোঃ মোজিবুর রহমান)
যুগ্ম-সচিব (রাজনৈতিক)
ফোন-৯৫৭৪৫৩০

**নং-স্বঃ মঃ (বহি-২)/জি-কোরিয়া-২০/২০০৬/** **তারিখ ঃ ০১ ডিসেম্বর, ২০০৭**

**বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০২। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশোধিত নীতিমালার অনুলিপি সংশ্লিষ্ট সকল বাংলাদেশ দূতাবাস/মিশনে প্রেরণের অনুরোধ করা হইল)।
০৩। সিনিয়র সচিব/সচিব---------------------------------------------------- (সংশ্লিষ্ট সকল)
০৪। বাংলাদেশ দূতাবাস/মিশন---------------------------------------------------- ( সকল)
০৫। মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা ।
০৬। মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, ঢাকা
০৭। মহাপরিচালক, এন.জি.ও বিষয়ক ব্যুরো, ঢাকা।
০৮। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
০৯। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, মতিঝিল, বা/এ, ঢাকা।
১০। নির্বাহী চেয়ারম্যান, বেপজা, ধানমন্ডি, ঢাকা।
১১। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, এসবি, ঢাকা।
১২। উপসচিব (নিরাপত্তা-২), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**বহিরাগমন-২**

**নং- স্বঃমঃ (বহি-২)/১পি-৭/২০০৮/১০৪৭** **তারিখ ঃ ৩০ ডিসেম্বর, ২০০৮**

# পরিপত্র

**বিষয় ঃ ভিসা নীতি সংশোধন প্রসঙ্গে।**

সূত্রঃ ১) স্বঃমঃ (বহি-২)/১পি-৭/২০০৬/২৮৭৯, তারিখ ঃ ১৯ অক্টোবর ২০০৬।
২) স্বঃমঃ (বহি-২)/১পি-৭/২০০৬/৫১২, তারিখ ঃ ০৪ এপ্রিল ২০০৭।
৩) স্বঃমঃ(বহি-২)/১পি-৭/২০০৬/১৪৩৫, তারিখ ঃ ১৯ আগষ্ট ২০০৭।

উপর্যুক্ত সূত্রসমূহে বর্ণিত বিষয়ে জারীকৃত ভিসানীতির সংশ্লিষ্ট ভিসা শ্রেণির এবং অবশ্যপালনীয় শর্তাবলী নিম্নরূপ সংশোধন, সংযোজন ও পরিবর্তন করা হইল :

| ক্রম | ভিসা শ্রেণি | শর্তাবলী |
|---|---|---|
| ৭ | ব্যবসায়-বাণিজ্যের উদ্দেশ্যে আগত বিদেশিদের B-শ্রেণিতে ভিসা প্রদান | B-শ্রেণিতে আগত বিদেশিদের ভিসা প্রদানে বর্তমান ভিসানীতির শর্তাবলী নিম্নরূপভাবে সংশোধিত ও প্রতিস্থাপিত হইবে:<br>(ক) বিনিয়োগের সম্ভাব্যতা যাচাই / ব্যবসা-বাণিজ্যের প্রয়োজনে আগমনকারীর অনুকূলে সংশ্লিষ্ট দেশের স্বীকৃত (Recognized) ব্যবসায়ী সমিতি কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র অথবা বাংলাদেশে অবস্থিত স্থানীয় স্পন্সরের সুপারিশ ও তার ব্যবসায় প্রতিষ্ঠানের যথার্থতা ইত্যাদি বিবেচনা করে প্রকৃত ব্যবসায়ী মর্মে সন্তুষ্ট হইয়া ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ প্রতি ভ্রমণে ২ (দুই) মাসের অবস্থান শর্তে বহুভ্রমণ সুবিধাসহ সর্বোচ্চ ১ (এক) বছরের ভিসা প্রদান করিতে পারিবে।<br>(খ) ভিসার মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হইলে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর উক্ত ব্যবসায়ীর **ব্যবসা পরিচালনা সংক্রান্ত প্রত্যয়নপত্র, প্রযোজ্য ক্ষেত্রে কর পরিশোধ সম্পর্কিত সনদ,** স্থানীয় স্পন্সরের সুপারিশ ও অনুকূল পুলিশ প্রতিবেদনের ভিত্তিতে বহুভ্রমণ সুবিধাসহ ৬ (ছয়) মাসের অবস্থান শর্তে ৩ (তিন) বছর মেয়াদে ভিসা বৃদ্ধি করিতে পারিবে। তবে ব্যবসা-বাণিজ্য সংক্রান্ত কাজে প্রায়শঃ বাংলাদেশে আগমন করিলে এবং প্রচলিত বিধি-বিধানানুযায়ী ব্যবসা/ বাণিজ্যের কাজ সম্পাদন করিয়াছেন মর্মে প্রমাণপত্র/ প্রত্যয়নপত্র থাকিলে তা লিপিবদ্ধকরতঃ একই শর্তে ৫ (পাঁচ) বৎসর পর্যন্ত ভিসার মেয়াদ বৃদ্ধি করা যাইবে।” |

| | | |
|---|---|---|
| ১৪ | যন্ত্রপাতি এবং সফটওয়্যার সরবরাহ / স্থাপন / রক্ষণাবেক্ষণ/ তত্ত্বাবধান /প্রকল্প পরিদর্শন এবং এই জাতীয় কাজে আগত আগত বিদেশি ও তাঁর Spouse/ পরিবারের সদস্যদের ভিসা প্রদান (EI ও FEI-শ্রেণি) | (১) EI-শ্রেণিতে আগত বিদেশিদের ভিসা প্রদানে বর্তমান ভিসানীতির শর্তাবলী নিম্নরূপভাবে সংশোধিত ও প্রতিস্থাপিত হইবেঃ<br>"(ক) আমন্ত্রণকারী/ আমদানীকারক প্রতিষ্ঠানে যন্ত্রপাতি/ সফটওয়্যার স্থাপনের জন্য বর্ণিত বিদেশি ব্যক্তিদের আগমন প্রয়োজন মর্মে BIDA/BEPZA/ সংশ্লিষ্ট মন্ত্রণালয় /বিভাগ /সংস্থার সুপারিশ, স্থানীয় স্পন্সরের আমন্ত্রণপত্র, আমন্ত্রণকারী/ আমদানীকারক প্রতিষ্ঠানের যথার্থতা, যন্ত্রপাতি/ সফটওয়্যার প্রেরণকারী/ সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্ট দেশিয় প্রতিষ্ঠানের সম্পাদিত চুক্তিপত্র, ইত্যাদি বিবেচনা করিয়া ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ প্রতি ভ্রমণে ০১ (এক) মাসের অবস্থান শর্তে বহুভ্রমণসহ সর্বোচ্চ ০৬ (ছয়) মাস পর্যন্ত ভিসা প্রদান করিতে পারিবে।<br>(খ) তবে অনিবার্যকারণে বাংলাদেশে অবস্থান দীর্ঘায়িত করার প্রয়োজন হইলে সেক্ষেত্রে স্থানীয় প্রতিষ্ঠানে প্রত্যয়ন এবং প্রাসঙ্গিক কাগজপত্র বিবেচনা করে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর ভিসার মেয়াদ ১ (এক) মাস বৃদ্ধি করিতে পারিবে। এর অতিরিক্ত সময়ের জন্য ভিসার মেয়াদ বৃদ্ধি করিতে হইলে স্থানীয় প্রতিষ্ঠানের সুপারিশ, যথাযথ কর্তৃপক্ষের কার্যানুমতির এবং অনুকূল পুলিশ প্রতিবেদনের প্রয়োজন হইবে। বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর কার্যানুমতির মেয়াদকাল পর্যন্ত ভিসার মেয়াদ বৃদ্ধি করিতে পারিবে।" |
| | FEI শ্রেণি (নতুন) | (২) EI-শ্রেণিতে আগত বিদেশিদের Spouse বা পরিবারের সদস্যদের জন্য বর্তমান ভিসা নীতিমালায় নতুন ভিসা FEI-শ্রেণি অন্তর্ভুক্ত করিতে হইবে এবং ভিসা প্রদানে নিম্নরূপ শর্তাবলী আরোপিত হইবে:<br>(ক) Spouse ও পরিবারের নির্ভরশীল সদস্য এ মর্মে প্রয়োজনীয় কাগজপত্র পরীক্ষান্তে সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ EI-শ্রেণিতে আগত ব্যক্তির সমমেয়াদী ভিসা প্রদান করিতে পারিবে।<br>(খ) EI-শ্রেণিতে আগত ব্যক্তির ভিসার মেয়াদ বৃদ্ধি করা হইলে FEI-শ্রেণিতে আগত ব্যক্তি/ব্যক্তিবর্গের ভিসার মেয়াদ সমমেয়াদে বৃদ্ধি করা যাইবে। |
| ২৩ | বেসরকারি খাতে যৌথ উদ্যোগ বা সম্পূর্ণ বিদেশি বিনিয়োগে স্থাপিত/ স্থাপিতব্য শিল্প / বাণিজ্যিক প্রতিষ্ঠানে বিদেশি পূঁজি বিনিয়োগকারীদের PI-শ্রেণিতে ভিসা প্রদান | PI-শ্রেণিতে আগত বিদেশিদের ভিসা প্রদানে বর্তমান ভিসানীতির শর্তাবলী নিম্নরূপভাবে সংশোধিত ও প্রতিস্থাপিত হবে:<br>(ক) অপরিবর্তিত<br>(খ) বিনিয়োগের স্বপক্ষে কাগজপত্রসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সুপারিশ এবং বাংলাদেশে বিনিয়োগ অব্যাহত আছে এই মর্মে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ / বেপজা এর প্রত্যয়ন পত্রের ভিত্তিতে সংশ্লিষ্ট বাংলাদেশ মিশন / দূতাবাস অথবা বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর সর্বোচ্চ ৫ (পাচঁ) বৎসরের বহুভ্রমণ ভিসা প্রদান করিতে পারিবে। তবে বিনিয়োগকারী তাঁর প্রতিষ্ঠানে কর্মরত হইলে কর্মানুমতির প্রয়োজন হইবে। |

| | | |
|---|---|---|
| | | (গ) বাংলাদেশে কোন ভারী শিল্পে অথবা দীর্ঘ মেয়াদে কোন শিল্পে/ব্যবসায়ে কমপক্ষে ০৫ (পাঁচ) মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করিয়াছেন এবং বর্তমানে বিনিয়োগ অব্যাহত আছে মর্মে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ/বেপজা কর্তৃক প্রত্যয়ন পত্রের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর উক্ত বিদেশি বিনিয়োগকারীকে "No Visa Required (NVR)" এর সুবিধা প্রদান করিবে। |
| **২৯** | ভ্রমণ/ পর্যটন/ আত্মীয়-স্বজনের সাথে সাক্ষাৎ/ ধর্মীয় কারণ/ বেসরকারী সেমিনার/ কর্মশালা/ শিক্ষা সফর ইত্যাদি উদ্দেশ্যে আগত বিদেশিদের T-শ্রেণিতে ভিসা প্রদান | T-শ্রেণিতে আগত বিদেশিদের ভিসা প্রদানে বর্তমান ভিসানীতির শর্তাবলী নিম্নরূপভাবে সংশোধিত ও প্রতিস্থাপিত হইবে:<br>"(ক) সংশ্লিষ্ট ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ সর্বোচ্চ **৩ (তিন)** মাসের ভিসা প্রদান করিতে পারিবে।<br>(খ) অপরিবর্তিত।<br>(গ) কেবলমাত্র ধর্মীয় কারণে T-শ্রেণিতে আগত কোন বিদেশির ভিসার মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হইলে অনুকূল পুলিশ প্রতিবেদনের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর সর্বোচ্চ ৩ (তিন) মাস পর্যন্ত ভিসার মেয়াদ বৃদ্ধি করিতে পারিবে"। |

স্বাক্ষরিত/
৩০.১২.২০০৮
(শেখ আব্দুর রউফ)
উপ-সচিব (বহিরাগমন)

**বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব/সচিব ............................................................ (সংশ্লিষ্ট সকল)
০৩। সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
০৪। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। (যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশোধিত নীতিমালার অনুলিপি সংশ্লিষ্ট সকল বাংলাদেশ দূতাবাস/মিশনে প্রেরণের অনুরোধ করা হ'ল)।
০৫। মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা ।
০৬। মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, ঢাকা
০৭। মহাপরিচালক, এন.জি.ও বিষয়ক ব্যুরো, ঢাকা।
০৮। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
০৯। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, মতিঝিল, বা/এ, ঢাকা।
১০। নির্বাহী চেয়ারম্যান, বেপজা, ধানমন্ডি, ঢাকা।
১১। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, এসবি, ঢাকা।
১২। উপসচিব (নিরাপত্তা), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১৩। উপসচিব (বহিরাগমন-২), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ওয়েব সাইটে সরবরাহের অনুরোধসহ)।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**বহিরাগমন শাখা-২**

**নং-স্বঃ মঃ (বহি-২)/আর.এম-১/২০০৯/৩২৩** **তারিখ ঃ ২৩ এপ্রিল, ২০০৯**

**পরিপত্র**

**বিষয় ঃ ভিসানীতি ২০০৭ সংশোধন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে ভিসানীতির সংশ্লিষ্ট ভিসা শ্রেণির শর্তাদি নিম্নরূপভাবে সংশোধন, সংযোজন ও পরিবর্তনপূর্বক প্রতিস্থাপন করা হইল :

| ক্রম | ভিসা শ্রেণি | শর্তাবলী |
|---|---|---|
| ১৭ | M<br>মিশনারীবৃন্দ/ধর্মগুরু | (ক) অপরিবর্তিত।<br>(খ) ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে সংশ্লিষ্ট ধর্মীয় মিশন/প্রতিষ্ঠান প্রদত্ত সুপারিশ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সম্মতি এবং নিরাপত্তা ছাড়পত্রের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমণসহ ০৫ (পাঁচ) বৎসর অথবা কর্মকালীন মেয়াদ, যা কম হবে, ভিসার মেয়ার বৃদ্ধি করিতে পারিবে। তবে ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে কার্যানুমতির প্রয়োজন হইবে না। |

০২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

স্বাক্ষরিত/
২৩.০৪.২০০৯
(শেখ আব্দুর রউফ)
উপ-সচিব (বহিরাগমন)

**নং-স্বঃ মঃ (বহি-২)/আর.এম-১/২০০৯/৩২৩** **তারিখ ঃ ২৩ এপ্রিল, ২০০৯**

**বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব/সচিব ......................................................... (সংশ্লিষ্ট সকল)
০৩। সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
০৪। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশোধিত নীতিমালার অনুলিপি সংশ্লিষ্ট সকল বাংলাদেশ দূতাবাস/মিশনে প্রেরণের অনুরোধ করা হ'ল)।
০৫। মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা ।
০৬। মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, ঢাকা
০৭। মহাপরিচালক, এন.জি.ও বিষয়ক ব্যুরো, ঢাকা।
০৮। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
০৯। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, মতিঝিল, বা/এ, ঢাকা।
১০। নির্বাহী চেয়ারম্যান, বেপজা, ধানমন্ডি, ঢাকা।
১১। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, এসবি, ঢাকা।
১২। উপসচিব (নিরাপত্তা), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১৩। উপসচিব (বহিরাগমন-২), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ওয়েব সাইটে সরবরাহের অনুরোধসহ)।

স্বাক্ষরিত/
২৩.০৪.২০০৯
(শেখ আব্দুর রউফ)
উপ-সচিব (বহিরাগমন)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**বহিরাগমন শাখা-২**

**নং-স্বঃ মঃ (বহি-২)/১পি-৬/২০০৮/৫০৪** **তারিখ ঃ ৩০ জুন, ২০১০**

## পরিপত্র

**বিষয় ঃ ভিসানীতি সংশোধন প্রসঙ্গে।**

সূত্রঃ ১) স্বঃমঃ (বহি-২)/১পি-৭/২০০৬/২৮৭৯, তারিখ ঃ ১৯ অক্টোবর ২০০৬
২) স্বঃমঃ (বহি-২)/১পি-৭/২০০৬/৫১২, তারিখ ঃ ০৪ এপ্রিল ২০০৭
৩) স্বঃমঃ(বহি-২)/১পি-৭/২০০৬/১৪৩৫, তারিখ ঃ ১৯ আগস্ট ২০০৭
৪) স্বঃমঃ(বহি-২)/১পি-৬/২০০৮/১০৪৯, তারিখ ঃ ৩০ ডিসেম্বর ২০০৮

উপর্যুক্ত সূত্রসমূহে বর্ণিত বিষয়ে জারীকৃত ভিসানীতির সংশ্লিষ্ট ভিসা শেণির শর্তাদি নিম্নরূপ সংশোধন, সংযোজন ও পরিবর্তন করা হইল :

| | | | | |
|---|---|---|---|---|
| ২৭ | S | সরকারের অনুমোদন প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত/গবেষণা রত/ ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রী/ গবেষক | (ক) | বাংলাদেশে অবস্থিত সরকার অনুমোদিত কোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হইয়াছে অথবা ভর্তি হইবে মর্মে প্রামাণিক কাগজ পত্র, স্পন্সরশীপ ও ব্যাংক গ্যারান্টি পরীক্ষান্তে ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীকে প্রাথমিকভাবে সর্বোচ্চ ০১ (এক) বছরের বহুভ্রমণ ভিসা প্রদান করিতে পারিবে।<br><br>এছাড়া মাদ্রাসা উলুমে দ্বীনিয়ায় মাদ্রাসার শুধুমাত্র হেফজ খানায় / কেতাব খানায় শিক্ষাগ্রহণের উদ্দেশ্যে অধ্যয়নরত / ভর্তিচ্ছুক বিদেশি তাবলীগ সাথীদের অনুর্ধ্ব ১৫ বছর বয়সী সন্তান / পোষ্যদেরকে বাংলাদেশস্থ তাবলীগ মারকাজের লিখিত সুপারিশ/প্রত্যয়নপত্রের ভিত্তিতে ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ প্রাথমিকভাবে সর্বোচ্চ ১ বছরের ভিসা প্রদান করিতে পারিবে। বাংলাদেশে আগমনের ১৫ দিনের মধ্যে ভিসা গ্রহণকারীদের নিকটস্থ থানায়/এসবিতে তাদের নাম বাধ্যতামূলক রেজিস্ট্রেশনভুক্ত করিতে হইবে। |
| | | | (খ) | ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের সুপারিশ, স্পন্সরশীপ, এদেশে চাকুরীরত নয় মর্মে প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র এবং পুলিশে বিশেষ শাখার অনুকূল প্রতিবেদনের ভিত্তিতে শিক্ষাক্রম/ইন্টার্নশীপের পূর্ণকালীন মেয়াদে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বহুভ্রমণ ভিসা প্রদান করিতে পারিবে।<br><br>এছাড়া মাদ্রাসা উলুমে দ্বীনিয়ায় হেফজ খানায় অধ্যয়নরত ছাত্র/পোষ্যরা এদেশে চাকুরীরত নয় এই মর্মে তাবলীগ মারকাজের প্রত্যয়নপত্র এবং পুলিশ বিশেষ শাখা ও গোয়েন্দা সংস্থাসমূহের অনুকূল প্রতিবেদনের ভিত্তিতে শিক্ষাক্রমের মেয়াদ অনুযায়ী বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর ভিসার মেয়াদ বৃদ্ধি করিতে পারিবে। তবে কোন অবস্থাতে অধ্যয়নকালীন তাদের বয়স ২৮ বছর অতিক্রান্ত হইলে তাদের ভিসার মেয়াদ বৃদ্ধি করা হইবে না। |

০২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

স্বাক্ষরিত/
৩০.০৬.২০১০
**(কাজল ইসলাম)**
উপসচিব (বহিরাগমন-২)

**বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

০২। সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।

০৩। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশোধিত নীতিমালার অনুলিপি সংশ্লিষ্ট সকল বাংলাদেশ দূতাবাস/মিশনে প্রেরণের অনুরোধ করা হ'ল)।

০৪। সিনিয়র সচিব/সচিব ............................................................ (সংশ্লিষ্ট সকল)

০৫। বাংলাদেশ দূতাবাস/ মিশন -------------------------------- (সকল)

০৬। মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা ।

০৭। মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, ঢাকা

০৮। মহাপরিচালক, এন.জি.ও বিষয়ক ব্যুরো, ঢাকা।

০৯। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।

১০। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, মতিঝিল, বা/এ, ঢাকা।

১১। নির্বাহী চেয়ারম্যান, বেপজা, ধানমন্ডি, ঢাকা।

১২। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, এসবি, ঢাকা।

১৩। সভাপতি, এফ, বি, সি, সি, আই, ৬০ মতিঝিল, বা/এ, ঢাকা।

১৪। চেয়ারম্যান, এফ, আই, সি, সি, আই, গুলশান-২, ঢাকা।

১৫। উপসচিব (নিরাপত্তা-২), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

স্বাক্ষরিত/
৩০.০৬.২০১০
**(কাজল ইসলাম)**
উপসচিব (বহিরাগমন-২)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**বহিরাগমন-২**

নং-৪৪.০০.০০০০.০৩৯.১৬.০০৭.১২- ৮৫০ ২৭ আগস্ট, ২০১২

# পরিপত্র

**বিষয় ঃ পাসপোর্টে “No Visa Required for Travel to Bangladesh (NVR)” সীল প্রদান প্রসঙ্গে।**

সূত্র ঃ ১) স্বঃ মঃ (বহি-২)/১পি-৭/২০০৬/২৮৮০, তারিখঃ ১৯ অক্টোবর ২০০৬
২) স্বঃ মঃ (বহি-২)/১পি-৭/২০০৬/৫১৪, তারিখঃ ০৪ এপ্রিল ২০০৭
৩) স্বঃমঃ (বহি-২)/১পি-৭/২০০৬/১৪৩৫, তারিখঃ ১৯ আগষ্ট ২০১০
৪) ৪৪.০০.০০০০.০৩৯.১৬.০০৬.১২-২৫২, তারিখঃ ১৪ মার্চ, ২০১২

উপর্যুক্ত সূত্রসমূহে বর্ণিত বিষয়ে জারীকৃত পরিপত্র নিম্নরূপ সংশোধন, সংযোজন ও পরিবর্তন করা হইল:

২। এই পরিপত্রে নিম্নবর্ণিত শর্তাদি পূরণসাপেক্ষে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর এবং বিদেশস্থ বাংলাদেশ দূতাবাস/মিশন বাংলাদেশি বংশোদ্ভূত বিশ্বের যে কোন দেশের নাগরিকত্ব গ্রহণকারী ব্যক্তি, আদিসূত্রে বাংলাদেশি ও তাঁদের স্বামী/স্ত্রী/সন্তান এবং বাংলাদেশি নাগরিকের বিদেশি স্বামী/স্ত্রী ও তাঁদের সন্তানদের বাংলাদেশে আগমন ও অবস্থান সহজতর করার জন্য তাঁদের বিদেশি পাসপোর্টে “No Visa required for travel to Bangladesh, (অতঃপর NVR বলিয়া অভিহিত)” সীল প্রদান করিতে পারিবে ঃ

৩। **শর্তাদি:**

(১) সার্কভুক্ত দেশসমূহ ব্যতিত, বিশ্বের যে কোন দেশের নাগরিকত্ব গ্রহণকারী বাংলাদেশি বংশোদ্ভূত ব্যক্তি ও তাঁর স্বামী/স্ত্রী/সন্তানদের ক্ষেত্রে:
- (ক) দ্বৈত নাগরিকত্ব সনদপত্র অথবা বাংলাদেশি পাসপোর্ট অথবা বিদেশি নাগরিকত্ব গ্রহণের পূর্বে ইস্যুকৃত বাংলাদেশি পাসপোর্ট/জাতীয় পরিচয়পত্র অথবা ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত জন্ম সনদ/নাগরিকত্বের প্রত্যয়নপত্র;
- (খ) বিদেশি পাসপোর্ট/নাগরিকত্ব সনদ; এবং
- (গ) পুলিশের অনুকূল প্রতিবেদন।

(২) সার্কভুক্ত দেশসমূহ ব্যতিত, আদিসূত্রে বাংলাদেশি এবং বর্তমানে বিদেশি নাগরিকত্ব গ্রহণকারী ব্যক্তির বিদেশি স্বামী/স্ত্রী ও সন্তানদের ক্ষেত্রে ঃ
- (ক) পিতা/মাতা/স্বামী/স্ত্রীর বৈধ বাংলাদেশি পাসপোর্ট/দ্বৈত নাগরিকত্বের সনদ অথবা বিদেশি নাগরিকত্ব গ্রহণের পূর্বে ইস্যুকৃত পিতা/মাতা/স্বামী/স্ত্রীর বাংলাদেশি পাসপোর্ট/জাতীয় পরিচয়পত্র অথবা ইউনিয়ন পরিষদ/ পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত পিতা/ মাতা/স্বামী/স্ত্রীর জন্ম সনদ/ নাগরিকত্বের প্রত্যয়নপত্র;
- (খ) বিদেশি পাসপোর্ট/নাগরিকত্ব সনদ;
- (গ) পিতা/মাতা/স্বামী/স্ত্রী কর্তৃক আবেদনকারীর অনুকূলে স্বামী/স্ত্রী ও সন্তান মর্মে প্রদত্ত হলফনামা এবং
- (ঘ) পুলিশের বিশেষ শাখার অনুকূল প্রতিবেদন।

(৩) বাংলাদেশি নাগরিকের বিদেশি স্বামী/স্ত্রী ও সন্তানদের ক্ষেত্রে ঃ
- (ক) পিতা/মাতা/স্বামী/স্ত্রীর বৈধ বাংলাদেশি পাসপোর্ট/জাতীয় পরিচয়পত্র অথবা ইউনিয়ন পরিষদ/পৌরসভা/ সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত পিতা/মাতা/স্বামী/স্ত্রীর জন্ম সনদ/ নাগরিকত্বের সনদপত্র;
- (খ) বিদেশি পাসপোর্ট/নাগরিকত্ব সনদ;
- (গ) বিবাহের সনদপত্র;
- (ঘ) পিতা/মাতা/স্বামী/স্ত্রী কর্তৃক বিদেশি স্বামী/স্ত্রী/সন্তানদের অনুকূলে প্রদত্ত সম্পর্ক নির্ণায়ক হলফনামা এবং
- (ঙ) পুলিশের বিশেষ শাখার অনুকূল প্রতিবেদন।

(৪) ইউরোপ, যুক্তরাষ্ট্র, অস্ট্রেলিয়া, কানাডা ও নিউজিল্যান্ডের নাগরিকত্ব গ্রহণকারী বাংলাদেশিদের বিদেশি পাসপোর্টে "No visa required for travel to Bangladesh (NVR)" গ্রহণের ক্ষেত্রে পুলিশ প্রতিবেদনের প্রয়োজন হইবে না। তবে আবেদনকারীর বাংলাদেশি নাগরিকত্ব প্রমাণের জন্য সরকার কর্তৃক অনুমোদিত শিক্ষা বোর্ড / বিশ্ববিদ্যালয় হইতে শিক্ষাগত যোগ্যতার সনদ পত্র / বাংলাদেশি পাসপোর্ট / জাতীয় পরিচয়পত্র / জন্মসনদ / স্থানীয় সরকার প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করিতে হইবে।

৪। অনুচ্ছেদ ৩(৪) এ বর্ণিত দেশসমূহ ব্যতীত অন্যান্য দেশের সংশ্লিষ্ট দূতাবাস থেকে তদন্তের জন্য প্রাপ্ত আবেদন পত্রটির উপর সরকার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে পুলিশের বিশেষ শাখা তদন্ত কাজ সম্পন্নপূর্বক প্রতিবেদন দাখিল করিবে। নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন না পাওয়া গেলে সংশ্লিষ্ট সংস্থার কোন আপত্তি নেই মর্মে গণ্য করা হইবে।

৫। পাসপোর্টের মেয়াদ যতদিন থাকিবে "No visa required for travel to Bangladesh" সুবিধা ততদিন বহাল থাকিবে এবং পাসপোর্ট বাতিল হইলে উক্ত সুবিধাও বাতিল বলিয়া গণ্য হইবে। বিদ্যমান "No visa required for travel to Bangladesh" সীল বর্তমান কিংবা নতুন পাসপোর্টে প্রদানের ক্ষেত্রে মাথাপিছু ৫০(পঞ্চাশ) মার্কিন ডলার অথবা সমপরিমান অর্থ ফি বাবদ প্রদান করিতে হইবে।

৬। বাংলাদেশে কোন ভারী শিল্পে অথবা দীর্ঘ মেয়াদে কোন শিল্পে/ব্যবসায় কমপক্ষে ০৫ (পাঁচ) মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগকারী বিদেশি "No visa required for travel to Bangladesh" সুবিধা পাইবেন।

৭। এই পরিপত্র কার্যকর হওয়ার সাথে সাথে "No visa required for travel to Bangladesh" সংক্রান্ত জারীকৃত পূর্বের সকল পরিপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

৮। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

স্বাক্ষরিত/
২৭.০৮.২০১২
(ড. শাহিদা আকতার)
উপসচিব
ফোন ঃ ৭১৬৮৬৯২

**বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব/সচিব---------------------------------------------------- (সংশ্লিষ্ট সকল)
০৩। সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
০৪। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (পরিপত্রটি সংশ্লিষ্ট সকল বাংলাদেশ দূতাবাস/মিশনে প্রেরণক্রমে এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হইল)।
০৫। বাংলাদেশ দূতাবাস/ মিশন ................................................ (সকল)
০৬। মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা ।
০৭। মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, ঢাকা।
০৮। মহাপরিচালক, এন.জি.ও বিষয়ক ব্যুরো, ঢাকা।
০৯। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, মতিঝিল বা/এ, ঢাকা।
১০। নির্বাহী চেয়ারম্যান, বেপজা, ধানমন্ডি, ঢাকা।
১১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
১২। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, এসবি, ঢাকা।
১৩। প্রেসিডেন্ট, এফবিসিসিআই, ৬০ মতিঝিল, বা/এ, ঢাকা।
১৪। প্রেসিডেন্ট, এফআইসিসিআই, গুলশান-২, ঢাকা।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**বহিরাগমন-২**

নং-৪৪.০০.০০০০.০৩৯.২২.০০২.১৩-৭৪২ তারিখ ঃ ১৯ জুন, ২০১৩

## পরিপত্র

**বিষয় ঃ ভিসানীতি সংশোধন প্রসঙ্গে।**

সূত্রঃ
১) স্বঃমঃ (বহি-২)/১পি-৭/২০০৬/২৮৭৯, তারিখ ঃ ১৯ অক্টোবর ২০০৬।
২) স্বঃমঃ (বহি-২)/১পি-৭/২০০৬/৫১২, তারিখ ঃ ০৪ এপ্রিল ২০০৭।
৩) স্বঃমঃ (বহি-২)/১পি-৭/২০০৬/১৪৩৫, তারিখ ঃ ১৯ আগষ্ট ২০০৭।

উপর্যুক্ত সূত্রসমূহে বর্ণিত বিষয়ে জারীকৃত ভিসানীতির সংশ্লিষ্ট ভিসা শ্রেণির শর্তাদি পরিপত্র নিম্নরূপ সংশোধন, সংযোজন ও পরিবর্তন করা হইল :

| ক্রম | ভিসা শ্রেণি | শর্তাবলী |
|---|---|---|
| ১৫ | J (Journalist)<br>বিদেশি পত্রিকা / সংবাদপত্র / বেতার / টিভি / বার্তা সংস্থা / স্যাটেলাইট মিডিয়া ইত্যাদিতে আগত সাংবাদিক / মিডিয়া প্রতিনিধি / ফ্রিল্যান্স সাংবাদিক প্রভৃতি। | (ক) চলতি ঘটনাবলীর সংবাদ সংগ্রহের জন্য অথবা এককালীন/স্বল্প মেয়াদে বিশেষ কোন দায়িত্ব পালনের উদ্দেশ্যে আগমনেচ্ছু বিদেশি পত্রিকা বা মিডিয়ার প্রতিনিধি বা সাংবাদিকদের ক্ষেত্রে সংশ্লিষ্ট মিশন প্রধান বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ভিসা প্রদানকারী কর্তৃপক্ষ আবেদনকারীকে সর্বোচ্চ ০১ (এক) মাসের ভিসা প্রদান করিতে পারিবে। তবে আবেদনকারীর বিষয়ে যদি মিশন প্রধানের কোন দ্বিধা বা সংশয় থাকে শুধুমাত্র সেই ক্ষেত্রে মিশন প্রধানের নিজস্ব মন্তব্য/পর্যবেক্ষণসহ আবেদনটি নিষ্পত্তির জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ের বহিঃপ্রচার অনুবিভাগে প্রেরণ করিতে হইবে। প্রেরণের পর বহিঃ প্রচার অনুবিভাগ হইতে ৭ (সাত) কার্য দিবসের মধ্যে কোন সিদ্ধান্ত না পাওয়া গেলে মিশন প্রধান নিজ বিবেচনা অনুযায়ী আবেদনটি নিষ্পত্তি করিবেন।<br>(খ) ও (গ) অপরিবর্তিত। |

০২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

স্বাক্ষরিত/
১৯.০৬.২০১৩
**(সাহান আরা বানু)**
উপসচিব
ফোন-৯৫৭৪৫৩০

**বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**
০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব/সচিব------------------------------------------------------ (সংশ্লিষ্ট সকল)
০৩। সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।

০৪। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশোধিত নীতিমালার অনুলিপি সংশ্লিষ্ট সকল বাংলাদেশ দূতাবাস / মিশনে প্রেরণের অনুরোধ করা হইল)।

০৫। বাংলাদেশ দূতাবাস / মিশন -------------------------------- (সকল)

০৬। মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা ।

০৭। মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, ঢাকা

০৮। মহাপরিচালক, এন.জি.ও বিষয়ক ব্যুরো, ঢাকা।

০৯। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, মতিঝিল, বা/এ, ঢাকা।

১০। নির্বাহী চেয়ারম্যান, বেপজা, ধানমন্ডি, ঢাকা।

১১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।

১২। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, এসবি, ঢাকা।

১৩। প্রেসিডেন্ট, এফ, বি, সি, সি, আই, ৬০ মতিঝিল, বা/এ, ঢাকা।

১৪। প্রেসিডেন্ট, এফ, আই, সি, সি, আই, গুলশান-২, ঢাকা।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বহিরাগমন-২ অধিশাখা
Website : www.mha.gov.bd

নং-৪৪.০০.০০০০.০৩৯.১৯.০০১.১২.১৪০৯ তারিখ: ৩১ ভাদ্র, ১৪২৩ বঙ্গাব্দ / ১৫ সেপ্টেম্বর, ২০১৬ খ্রিঃ

# পরিপত্র

বিষয় : বিনা ভিসায় আগতদের আগমনী ভিসা (Visa on Arrival) প্রদান প্রসঙ্গে।

সূত্র :
১) নং-স্বঃমঃ(বহি-২)/১পি-৭/২০০৬/২৮৮১, তারিখ : ১৯ অক্টোবর, ২০০৬
২) নং-স্বঃমঃ(বহি-২)/১পি-৭/২০০৬/৫১৬, তারিখ : ০৪ এপ্রিল, ২০০৭
৩) নং-স্বঃমঃ(বহি-২)/১পি-৭/২০০৬/১৪৩৪, তারিখ : ১৯ আগষ্ট, ২০০৭
৪) নং-স্বঃমঃ(বহি-২)/১পি-৭/২০০৮/১০৪৬, তারিখ : ৩০ নভেম্বর, ২০০৮
৫) নং-স্বঃমঃ(বহি-২)/১পি-৭/২০০৮/৮৬০, তারিখ : ০১ নভেম্বর, ২০০৯
৬) ৪৪.০০.০০০০.০৩৯.১৩.০১৩.১২.৩৮, তারিখ : ০৮ জানুয়ারি, ২০১৩

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত পরিপত্রসমূহ পর্যালোচনাক্রমে সরকার বাংলাদেশে বিদেশি পুঁজি ও প্রযুক্তি আকৃষ্টকরণ, ব্যবসা-বাণিজ্যের প্রসার ও পর্যটন শিল্পের বিকাশের লক্ষ্যে বাংলাদেশি বংশোদ্ভূত বিদেশিসহ বিদেশি নাগরিকদের এদেশে আগমন ও অবস্থান সহজতর করিবার নিমিত্ত আগমনী ভিসা (Visa on Arrival) প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে। বিভিন্ন দেশ হইতে আগতদের আন্তর্জাতিক বিমান বন্দর ও স্থল বন্দরসমূহের ইমিগ্রেশন কর্তৃপক্ষ প্রয়োজনীয় কাগজপত্র পরীক্ষান্তে নিম্নোক্ত শ্রেণির পাসপোর্টধারীদের বর্ণিত শর্তে সম্পূর্ণ সন্তুষ্ট হইয়া বহুভ্রমণ সুবিধা ব্যতিত সর্বোচ্চ ৩০(ত্রিশ) দিনের আগমনী ভিসা প্রদান করিতে পারিবে :

ক. যেই সকল দেশে বাংলাদেশের কোন দূতাবাস নেই, শুধুমাত্র সেই সকল দেশ হইতে আগত নাগরিকদের ভ্রমণের উপযুক্ততা যাচাইঅন্তে আগমনী ভিসা প্রদান করা যাইতে পারে।

খ. বিদেশি বিনিয়োগকারী/ব্যবসায়ীদের ক্ষেত্রে আমন্ত্রণকারী প্রতিষ্ঠানের আমন্ত্রণপত্র ও বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন বোর্ড/ বেপজার প্রত্যয়ন পত্রের (প্রযোজ্যক্ষেত্রে) ভিত্তিতে আগমনী ভিসা প্রদান করা যাইতে পারে। তবে, আমন্ত্রণকারী প্রতিষ্ঠানকে বিদেশি ব্যক্তির আগমনের বিষয়টি বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর এবং ইমিগ্রেশন কর্তৃপক্ষকে পূর্বেই অবহিত করিতে হইবে।

গ. বাংলাদেশে কেবলমাত্র সরকারি কাজে, ব্যবসায়, বিনিয়োগ ও পর্যটনের উদ্দেশ্যে যুক্তরাষ্ট্র, কানাডা, অষ্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, রাশিয়ান ফেডারেশন, চীন, জাপান, সিঙ্গাপুর, মালয়েশিয়া, দক্ষিণ কোরিয়া, সংযুক্ত আরব আমিরাত, সৌদি আরব, কাতার, কুয়েত, ওমান, বাহরাইন, মিশর, তুরস্ক, ব্রুনাই এবং ইউরোপের দেশসমূহ হইতে উক্ত দেশসমূহের পাসপোর্টধারী আগতদের আন্তর্জাতিক বিমান বন্দর ও স্থল বন্দরসমূহের ইমিগ্রেশন কর্তৃপক্ষ প্রয়োজনীয় কাগজপত্র পরীক্ষান্তে সম্পূর্ণ সন্তুষ্ট হইয়া আগমনী ভিসা প্রদান করিতে পারিবে।

ঘ. কোন ব্যক্তি তাঁর নিজ দেশ ব্যতীত অন্য কোন দেশ, যেখানে বাংলাদেশ দূতাবাস নেই, সেই দেশ থেকে বাংলাদেশের আগমন করিলে ভ্রমণের উপযুক্ততা যাচাই করিয়া তাকে আগমনী ভিসা প্রদান করা যাইতে পারে।

ঙ. বাংলাদেশি বংশোদ্ভূত বিদেশি নাগরিক, তাদের স্বামী/স্ত্রী ও সন্তানদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বাংলাদেশী বংশোদ্ভূদের বাংলাদেশি নাগরিকত্ব সনদ/প্রমানপত্রের ভিত্তিতে আগমনী ভিসা প্রদান করা যাইতে পারে।

চ. বাংলাদেশে অবস্থিত বিদেশী দূতাবাস, জাতিসংঘ ও তাদের অঙ্গসংগঠনের কর্মকর্তা/কর্মচারীদের নিয়োগ/আগমন সংক্রান্ত কাগজপত্রাদি পরীক্ষান্তে আগমনী ভিসা প্রদান করা যাইতে পারে। UN পাসপোর্টধারীদের ক্ষেত্রে ভিসা ফি প্রযোজ্য হইবে না।

০২। উপরোক্ত শ্রেণিতে আগমনী ভিসা নিয়ে আগত বিদেশিদের ভিসার বৃদ্ধির প্রয়োজন হইলে বিদ্যমান ভিসা নীতির আলোকে সংশ্লিষ্ট ভিসা শ্রেণিতে উল্লিখিত শর্তে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর ভিসার মেয়াদ বৃদ্ধি করিতে পারিবে।

০৩। Connecting Flight পাওয়ার জন্য সংশ্লিষ্ট যাত্রী বহনকারী এয়ারলাইনস এর অনুরোধে ইমিগ্রেশন কর্তৃপক্ষ Next available flight অথবা সর্বোচ্চ ৭২(বাহাত্তর) ঘন্টার জন্য Transit visa দিতে পারিবে। এই জন্য সার্ভিস চার্জ হিসেবে মাথাপিছু ২০ (বিশ) মার্কিন ডলার বা সমপরিমান অর্থ বৈদেশিক মুদ্রায় নির্ধারিত ব্যাংকে ও নির্ধারিত হিসাবে জমা দিতে হইবে এবং ভিসা অব্যাহতি চুক্তি অনুযায়ী সংশ্লিষ্ট দেশের কূটনৈতিক, স্পেশাল বা অফিসিয়াল পাসপোর্টধারীগণ বিনা ফি'তে ট্রানজিট ভিসা লাভ করিবেন।

০৪। আগমনী ভিসা প্রদানের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে:

(ক) বৈদেশিক মুদ্রায় (ডলার/পাউন্ড/ইউরো) ভিসা ফি প্রদান করিতে হইবে;

(খ) সরকারি কাজ ব্যতিত অন্যান্য ক্ষেত্রে আগত বিদেশির নিকট ন্যূনতম ৫০০ (পাঁচশত) মার্কিন ডলার/সমপরিমান বৈদেশিক মুদ্রা নগদ/ক্রেডিটকার্ডে থাকিতে হইবে;

(গ) আগমনকারীর নিকট ফিরতি বিমান টিকিট থাকিতে হইবে;

(ঘ) আগমনের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র থাকিতে হইবে;

(ঙ) যেই সব দেশের নাগরিকদের জন্য ভিসা ফি প্রযোজ্য নয়, সেই সব দেশের পাসপোর্টধারীদের ক্ষেত্রে আগমনী ভিসার জন্য ফি প্রযোজ্য হইবে না;

(চ) যেই সকল দেশের সাথে পারস্পারিকতা (reciprocity) বা চুক্তির ভিত্তিতে আগমনী ভিসা প্রদান করা হয়। সেই সব দেশ ব্যতিত অন্যান্য দেশের ক্ষেত্রে আগমনী ভিসা ফি প্রযোজ্য হইবে; এবং

(ছ) আগমনী ভিসায় (Visa on Arrival) আগত বিদেশিদের পূর্ণাঙ্গ তথ্য সংশ্লিষ্ট গোয়েন্দা সংস্থা সংগ্রহ করে যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবে এবং স্থল ও বিমান বন্দরের ইমিগ্রেশন কর্তৃপক্ষ এ সংক্রান্ত একটি মাসিক বিবরণী সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরে প্রেরণ করিবে।

০৫। আগমনের উদ্দেশ্য সম্পর্কে নিশ্চিত হইয়া আগমনী ভিসা প্রদান করিতে হইবে। তবে বিদেশি সামরিক ও নিরাপত্তা বাহিনীর সদস্যদের বাংলাদেশে আগমনের ক্ষেত্রে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পূর্বানুমতি গ্রহণ করিতে হইবে।

০৬। আগমনী ভিসা প্রাপ্তদের পাসপোর্টে স্থল ও বিমান বন্দরে কর্তব্যরত ইমিগ্রেশন কর্তৃপক্ষ যথানিয়মে আগমন ও প্রস্থান সীল প্রদান করিবে।

০৭। এই পরিপত্র কার্যকর হওয়ার সাথে সাথে আগমনী ভিসা প্রদান সংক্রান্ত জারীকৃত পূর্বের সকল পরিপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

০৮। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

স্বাক্ষরিত/
১৫.০৯.২০১৬
**(সৈয়দা সালমা জাফরীন)**
উপসচিব

নং-৪৪.০০.০০০০.০৩৯.১৯.০০১.১২.**১৪০৯/১(১৯)** তারিখ: <u>৩১ ভাদ্র, ১৪২৩ বঙ্গাব্দ</u>
১৫ সেপ্টেম্বর, ২০১৬ খ্রিঃ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় , ঢাকা।
০২। সিনিয়র সচিব/ সচিব... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...(সংশ্লিষ্ট সকল)।
০৩। সিনিয়র সচিব/সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৪। সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
০৫। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশোধিত নীতিমালার অনুলিপি সংশ্লিষ্ট সকল বাংলাদেশ দূতাবাস/মিশনে প্রেরণ এবং তাঁদের প্রাপ্তি নিশ্চিতকরণের অনুরোধ করা হইল)।
০৬। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা।
০৭। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
০৮। মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর/জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর/এন.জি.ও বিষয়ক ব্যুরো/বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
০৯। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ/বেপজা/ বেজা, ঢাকা।
১০। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, এসবি, ঢাকা।
১১। অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব (বহিরাগমন), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১২। চেয়ারম্যান, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন, ঢাকা।
১৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড, পুরানা পল্টন, ঢাকা।
১৪। উপ সচিব (নিরাপত্তা-২), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১৫। সভাপতি, এফ, বি, সি, সি, আই, ঢাকা।
১৬। চেয়ারম্যান, এফ, আই, সি, সি, আই, ঢাকা।
১৭। উপসচিব (আইন/প্রশাসন), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১৮। স্বরাষ্ট্র মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১৯। সিনিয়র সচিব/সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।